গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২০ - জুন ৩০, ২০২১

## সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৮

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৮

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৯

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ২৮

# মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী নেতৃত্বে একটি সমন্বিত ও কার্যকর পররাষ্ট্র নীতির আলোকে দ্বিপাক্ষিক, আঞ্চলিক ও আন্তর্জাতিক পর্যায়ে রাজনৈতিক, কূটনৈতিক, অর্থনৈতিক ও বাণিজ্যিক সম্পর্ক নিবিড়করণে কার্যকর ভূমিকা রাখছে পররাষ্ট্র মন্ত্রণালয়। জাতিসংঘসহ বিভিন্ন আন্তর্জাতিক ফোরামে মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে বাংলাদেশ প্রতিনিধিদলের অংশগ্রহণ বহির্বিশ্বে বাংলাদেশের বহুপাক্ষিক কূটনৈতিক উপস্থিতি অধিকতর দৃশ্যমান করেছে। তিনি জাতিসংঘে রোহিঙ্গা সমস্যা সমাধানে সুনির্দিষ্ট প্রস্তাব তুলে ধরেন। বাংলাদেশের সফল কূটনৈতিক প্রচেষ্টায় ওআইসি-এর পক্ষ হতে গাম্বিয়ার করা মামলায় আইসিজে গণহত্যা প্রতিরোধে মিয়ানমারের প্রতি চারটি provisional measures-এর নির্দেশনামূলক রায় প্রদান করে। পররাষ্ট্র মন্ত্রণালয়ের জনকূটনীতির অংশ হিসাবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রচিত "অসমাপ্ত আত্মজীবনী" ১৩টি ভাষায় এবং "কারাগারের রোজনামচা" ২টি ভাষায় অনুবাদ ও প্রকাশ করা হয়েছে। ইউনেস্কো কর্তৃক বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণের স্বীকৃতি পররাষ্ট্র মন্ত্রণালয়ের কূটনৈতিক সাফল্যের অনন্য নিদর্শন। একাদশ জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগ নিরঙ্কুশ জয়লাভ করার পর স্বার্থান্বেষী মহলের অপপ্রচার রুখে দিয়ে পররাষ্ট্র মন্ত্রণালয় উল্লেখযোগ্য ভূমিকা পালন করেছে। ভারত,চীন,যুক্তরাজ্য, জাপানসহ অন্যান্য দেশে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর ৫৬ টি সফর এবং বাংলাদেশে ১৫টি দেশের রাষ্ট্র/সরকার প্রধানের সফর পররাষ্ট্র মন্ত্রণালয় সফলভাবে আয়োজন করেছে। পররাষ্ট্রমন্ত্রী/অন্যান্য মন্ত্রী পর্যায়েও বিভিন্ন সফর, প্রায় ১০০টি FOC/সংলাপ আয়োজন এবং প্রায় ১০০টি চুক্তি/সমঝোতা স্মারক সাক্ষরের বিষয়ে সমন্বয় করেছে। জলবায়ু পরিবর্তন,আন্তর্জাতিক অভিবাসন টেকসই উন্নয়ন অভীষ্ট ও অটিজম সংক্রান্ত বৈশ্বিক ইস্যুতে দেশের স্বার্থ সুরক্ষা করেছে। জলবায়ু পরিবর্তনের ফলে ক্ষতিগ্রস্ত দেশসমূগের সমন্বয়ে গঠিত CVF-এর সভাপতির পদ গ্রহণ করেছে। ঢাকায় ওআইসি পররাষ্ট্র মন্ত্রী পর্যায়ের সম্মেলন এবং গ্লোবাল ঢাকা ডায়লগ অত্যন্ত সফলভাবে আয়োজন করেছে। বাংলাদেশ আগামী দুই বছরের জন্য IORA-এর সহ-সভাপতির পদ গ্রহণ করেছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

বৈশ্বিক মহামারী উত্তর রাজনৈতিক ও অর্থনৈতিক বাস্তবতায় এ মন্ত্রণালয়ের কৌশলগত লক্ষ্য বাস্তবায়ন করা বিশেষত রাষ্ট্র/সরকার প্রধানদের সফর আয়োজন, বাংলাদেশে আশ্রিত রোহিঙ্গা জনগোষ্ঠীর প্রত্যাবাসন, সুনীল অর্থনীতি কর্ম পরিকল্পনা (২০২১-২০৩০) বাস্তবায়ন অন্যতম চ্যালেঞ্জ। এছাড়া, সদর দপ্তর ও মিশনসমূহে অপ্রতুল জনবল, লজিস্টিকস সংক্রান্ত নানাবিধ সীমাবদ্ধতা এ মন্ত্রণালয়ের জন্য বড় চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

বিশ্বদরবারে বাংলাদেশের ভাবমূর্তি রক্ষা এবং বর্তমান সরকারের অভিলক্ষ্যসমূহ বাস্তবায়ন, দ্বিপাক্ষিক সম্পর্ক সুসংহতকরণের পাশাপাশি বহুপাক্ষিক ও আন্তর্জাতিক ফোরামে বাংলাদেশের প্রতিনিধিত্বকরণ ও স্বার্থ সংরক্ষণ, প্রবাসী বাংলাদেশীদের আরো দক্ষতা ও দ্রুততার সঙ্গে বিভিন্ন কন্স্যুলার সেবা প্রদানসহ সদর দপ্তর ও বিদেশস্থ বাংলাদেশ দূতাবাসসমূহের জনবল বৃদ্ধির জন্য কাজ করবে।

**২০২০-২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- রোমানিয়া, সুদানে দূতাবাস এবং যুক্তরাষ্ট্রের ফ্লোরিডায় কনস্যুলেট জেনারেল স্থাপন;
- OIC Youth Capital Dhaka 2020-এর অধীনে বছরব্যাপী বিভিন্ন অনুষ্ঠান স্থায়ী ডিজিটাল প্ল্যাটফর্মের মাধ্যমে আয়োজন;
- মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনানুযায়ী পররাষ্ট্র সার্ভিসের জনবল কাঠামো সম্প্রসারণ;
- বিদেশস্থ মিশনসমূহে ধারাবাহিকভাবে ই-পাসপোর্ট প্রদান কার্যক্রম সম্প্রসারণ ও প্রবাসী বাংলাদেশীদের ডকুমেন্ট সত্যায়ন/নবায়ন, পাসপোর্টসহ প্রয়োজনীয় সেবা প্রদান দ্রুততর করণ;
- বিভিন্ন দেশ থেকে আটকে পড়া বাংলাদেশি নাগরিকদের দেশে ফেরত আনয়ন এবং
- স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপন উপলক্ষ্যে বিভিন্ন দেশের রাষ্ট্র/সরকার প্রধানের সফরসহ মন্ত্রণালয় ও বিভিন্ন দূতাবাসে বিভিন্ন অনুষ্ঠান/কার্যক্রম/অনলাইনভিত্তিক কার্যক্রম আয়োজন।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পররাষ্ট্র মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০২০ সালের সেপ্টেম্বর মাসের ১৭ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

বাংলাদেশের জন্য একটি সমন্বিত ও কার্যকর পররাষ্ট্র নীতি পরিচালনা।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

ক্রমবিবর্তনশীল আন্তর্জাতিক প্রেক্ষাপটে একটি দক্ষ ও আধুনিক কূটনৈতিক সার্ভিস গড়ে তোলার মাধ্যমে একটি কার্যকর পররাষ্ট্র নীতি পরিচালনা এবং বাংলাদেশের স্বার্থ সংরক্ষণ ও ভাবমূর্তি সমুন্নতকরণ।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দ্বিপাক্ষিক সম্পর্ক স্থাপন ও সুসংহতকরণ

২. বহুপাক্ষিক, আঞ্চলিক ও আন্তর্জাতিক ফোরামে বাংলাদেশের প্রতিনিধিত্বকরণ, স্বার্থ সংরক্ষণ ও আন্তর্জাতিক অংশীদারিত্ব বৃদ্ধিকরণ

৩. কন্স্যুলার সেবা প্রদান সহজীকরণ

৪. বৈশ্বিক রীতি অনুযায়ী রাষ্ট্রাচার সংক্রান্ত কার্যাবলীতে ক্রম উৎকর্ষতা অর্জনের মাধ্যমে কূটনৈতিক সৌহার্দ্য বৃদ্ধিকরণ

৫. অর্থনৈতিক কূটনীতি জোরদারকরণ ও সুনীল অর্থনীতির উন্নয়ন

৬. বাংলাদেশের ভাবমূর্তি তুলে ধরতে শক্তিশালী বহিঃপ্রচার কার্যক্রম এবং সার্বিক জনকূটনীতি পরিচালন

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ

২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি

৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪ কার্যাবলি (Functions)

১. সকল রাষ্ট্র, বিশেষত প্রতিবেশী রাষ্ট্রসমূহের সঙ্গে দ্বিপাক্ষিক স্বার্থ-সংশ্লিষ্ট রাজনৈতিক এবং কূটনৈতিক সম্পর্ক সংরক্ষণ ও উন্নয়ন;

২. জাতিসংঘসহ আন্তর্জাতিক ও আঞ্চলিক/উপআঞ্চলিক সংস্থাসমূহের সাথে নিয়মিত যোগাযোগ, আলোচনা, বহুপাক্ষিক/আন্তর্জাতিক ফোরামে প্রতিনিধিত্বকরণের পাশাপাশি ঢাকায় আন্তর্জাতিক সভা/সেমিনার/কনফারেন্স আয়োজন, আন্তর্জাতিক চুক্তি/সমঝোতা স্মারক সম্পাদনে সমন্বয়;

৩. মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর বিদেশ সফর আয়োজন, বিদেশী রাষ্ট্র এবং সরকার প্রধানগণের বাংলাদেশ সফর আয়োজন এবং এতদসংক্রান্ত রাষ্ট্রাচার এবং ব্যবস্থাপনা নিশ্চিতকরণ;

৪. আন্তর্জাতিক পরিমন্ডলে বাংলাদেশের স্বার্থ সংরক্ষণ, চলমান বিশ্বশান্তি, নিরাপত্তা, স্বাস্থ্য এবং টেকসই উন্নয়নসহ বিভিন্ন বৈশ্বিক ইস্যুতে সক্রিয় এবং নেতৃত্বশীল ভূমিকা পালন;

৫. কূটনৈতিক এবং কনস্যুলার প্রতিনিধিত্বের মাধ্যমে প্রবাসীগণকে বিভিন্ন কনস্যুলার ও কল্যাণমূলক সেবা প্রদান;

৬. বিদেশস্থ মিশনসমূহের পরিচালনা এবং ব্যবস্থাপনা;

৭. অর্থনৈতিক সহযোগিতা সংক্রান্ত বিভিন্ন আন্তর্জাতিক ফোরামে অংশ গ্রহণ, পণ্য রপ্তানি ও শ্রমবাজার সম্প্রসারণ এবং বাংলাদেশে বিনিয়োগে আকৃষ্টকরণের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ;

৮. বাংলাদেশের ভাবমূর্তি তুলে ধরতে বিভিন্ন প্রচারনামূলক কার্যক্রম, প্রকাশনা এবং ডিপ্লোম্যাটিক ব্রিফিং আয়োজন।

## সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা ২০২০-২১ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২১-২০২২ | ২০২২-২০২৩ | | |
| প্রতিবেশী ও অন্যান্য রাষ্ট্রের সাথে দ্বিপাক্ষিক রাজনৈতিক, কূটনৈতিক, অর্থনৈতিক, বাণিজ্যিক সম্পর্ক নিবিড়করণ ও আন্তঃযোগাযোগ সম্প্রসারিত হওয়া | আয়োজিত ভিভিআইপি সফর | সংখ্যা | ১৫ | ১৭ | ২ | ৬ | ৮ | পররাষ্ট্র মন্ত্রণালয়, রাষ্ট্রপতির কার্যালয় এবং প্রধানমন্ত্রীর কার্যালয় | পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ |
| | আয়োজিত/অংশগ্রহণকৃত মন্ত্রী পর্যায়ের বৈঠক (ভার্চুয়ালসহ) | সংখ্যা | ৪০ | ৩২ | ৩০ | ৩২ | ৪০ | পররাষ্ট্র মন্ত্রণালয় এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয় | পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ |
| | কূটনৈতিক প্রতিনিধি নিয়োগ, নতুন মিশন স্থাপন | সংখ্যা | ৩০ | ২৪ | ২০ | ২০ | ২০ | পররাষ্ট্র মন্ত্রণালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়, জনপ্রশাসন মন্ত্রণালয় এবং অর্থ মন্ত্রণালয় | পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ |
| | দ্বিপাক্ষিক চুক্তি/ সমঝোতা স্মারক স্বাক্ষর | সংখ্যা | ২৯ | ৫৬ | ৩৫ | ২৪ | ২৮ | পররাষ্ট্র মন্ত্রণালয় এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয় | পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ |
| | আয়োজিত/অংশগ্রহণকৃত সংলাপ/বৈঠক (ভার্চুয়াল সহ) | সংখ্যা | ১২ | ৭ | ৩৩ | ১৫ | ১৩ | পররাষ্ট্র মন্ত্রণালয় এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয় | পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ |
| জাতিসংঘ ও অন্যান্য আন্তর্জাতিক ফোরামে কার্যকর অংশগ্রহণ ও গঠনমূলক অবদানের মাধ্যমে বহির্বিশ্বে বাংলাদেশের কূটনৈতিক উপস্থিতি ও তৎপরতা অধিকতর দৃশ্যমান হওয়া | বিদেশে অংশগ্রহণকৃত কনফারেন্স/সেমিনার/সভা/কর্মশালা (টেলি- কনফারেন্স ও ভার্চুয়াল বৈঠকসহ) | সংখ্যা | ৮৫ | ৯১ | ৭০ | ৮২ | ৯০ | পররাষ্ট্র মন্ত্রণালয় এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয় | পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ |
| | দেশে আয়োজিত/ অংশগ্রহণকৃত কনফারেন্স /সেমিনার/সভা/কর্মশালা (টেলি-কনফারেন্স ও ভার্চুয়াল বৈঠকসহ) | সংখ্যা | ২০ | ২৫ | ২৫ | ৩২ | ৩৫ | পররাষ্ট্র মন্ত্রণালয় এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয় | পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ |
| | বহুপাক্ষিক/ আন্তর্জাতিক/ আঞ্চলিক বিভিন্ন ফোরামে ভিভিআইপি/প্রতিনিধির সফর এবং ডকুমেন্ট প্রস্তুতকরণ | সংখ্যা | - | - | ২১ | ১৫ | ১৭ | পররাষ্ট্র মন্ত্রণালয়, রাষ্ট্রপতির কার্যালয় এবং প্রধানমন্ত্রীর কার্যালয় | পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ |

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা ২০২০-২১ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২১-২০২২ | ২০২২-২০২৩ | | |
| পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে কনস্যুলার সেবা সহজীকরণ | বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে ই-পাসপোর্ট প্রদান কার্যক্রম সম্প্রসারণ | সংখ্যা | - | - | ৫ | ১৫ | ১৫ | পররাষ্ট্র মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং পাসপোর্ট অধিদপ্তর | পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ |
| | দাখিলকৃত আবেদন অনুযায়ী ডকুমেন্ট সত্যায়ন ও অন্যান্য কনস্যুলার সেবা প্রদান | সংখ্যা | ৬,৮৬,৪৮৮ | ৬,৭৩,৫১৯ | ১,৯৭,৯০০ | ২,৩৭,৫০০ | ২,৮৪,৯০০ | পররাষ্ট্র মন্ত্রণালয় | পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ |
| বিদেশে রপ্তানি বাণিজ্য প্রসার ও বাংলাদেশে বৈদেশিক বিনিয়োগে আকৃষ্টকরণের মাধ্যমে অর্থনৈতিক কূটনীতির লক্ষ্য অর্জন | আয়োজিত/ অংশগ্রহণকৃত আলোচনা/ বৈঠক (ভার্চুয়াল সহ) | সংখ্যা | - | ৩৩ | ১৫ | ১৫ | ১৫ | পররাষ্ট্র মন্ত্রণালয় | পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ |
| | আয়োজিত/অংশগ্রহণকৃত সভা/সেমিনার/মেলা, সরকারি/ বেসরকারি বিজনেস চেম্বার প্রতিনিধির সাথে বৈঠক/ সভা (ভার্চুয়াল সহ) | সংখ্যা | - | ২৭ | ৪০ | ৪২ | ৪৪ | পররাষ্ট্র মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয় এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩
## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [১] দ্বিপাক্ষিক সম্পর্ক স্থাপন ও সুসংহতকরণ | ২০ | [১.১] মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বিদেশ সফর এবং বিদেশী সরকার ও রাষ্ট্রপ্রধানের বাংলাদেশ সফরের আয়োজন | [১.১.১] আয়োজিত সফর | সমষ্টি | সংখ্যা | ৩ | ১৫ | ১৭ | ২ | ১ | ০ | ০ | ০ | ৬ | ৮ |
| | | [১.২] দেশে ও বিদেশে মন্ত্রী পর্যায়ের বৈঠক আয়োজন ও অংশগ্রহণ | [১.২.১] আয়োজিত/ অংশগ্রহণকৃত বৈঠক (ভার্চুয়াল বৈঠকসহ) | সমষ্টি | সংখ্যা | ৩ | ৪০ | ৩২ | ৩০ | ২৭ | ২৪ | ২০ | ১৫ | ৩২ | ৪০ |
| | | [১.৩] দ্বিপাক্ষিক চুক্তি/সমঝোতা স্মারক সম্পাদন/ সম্পাদন প্রক্রিয়ায় সহায়তাকরণ | [১.৩.১] খসড়া প্রণয়ন,আলোচনা, স্বাক্ষর, সংশোধন, বাস্তবায়ন ও নবায়ন | সমষ্টি | সংখ্যা | ২ | ২৯ | ৫৬ | ৩৫ | ২৯ | ২২ | ১৯ | ১৫ | ২৪ | ২৮ |
| | | [১.৪] দ্বি-পাক্ষিক সংলাপ/সভা আয়োজন/ অংশগ্রহণ (Dialogue/ Political Consultations/ FOC/JCM/ JWG)/সচিব পর্যায়ের বৈঠক আয়োজন ও অংশগ্রহণ | [১.৪.১] আয়োজিত/ অংশগ্রহণকৃত সংলাপ/বৈঠক (ভার্চুয়াল বৈঠকসহ) | সমষ্টি | সংখ্যা | ৩ | ১৬ | ৭ | ৩৩ | ২৫ | ১৯ | ১৫ | ১১ | ১৫ | ১৩ |
| | | [১.৫] মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মন্ত্রী ও সচিব পর্যায়ের সাথে বিদেশী প্রতিনিধি/ দলের সাক্ষাত/ ফোনালাপ-এর আয়োজন ও বাচ্যাবলী প্রস্তুত করণ | [১.৫.১] আয়োজিত সাক্ষাৎ (ভার্চুয়াল বৈঠক/ টেলিফোন সংলাপসহ) | সমষ্টি | সংখ্যা | ৩ | | ৭২ | ১২০ | ১১০ | ১০০ | ৯০ | ৮০ | ১০০ | ১২০ |
| | | [১.৬] বিভিন্ন দেশে জাতীয় দিবস, ও অন্যান্য গুরুত্বপূর্ণ প্রেক্ষাপটে বার্তা প্রদান/প্রেরণ | [১.৬.১] প্রদান/ প্রেরণকৃত বার্তা | সমষ্টি | সংখ্যা | ৩ | | ২০০ | ২০০ | ১৮০ | ১৫০ | ১২০ | ১০০ | ২৫০ | ২৫০ |
| | | [১.৭] আন্তঃমন্ত্রণালয় সভা আয়োজন/ অংশগ্রহণ | [১.৭.১] আয়োজিত/ অংশগ্রহণকৃত সভা (ভার্চুয়াল সভাসহ) | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ | ৪০ | ৫০ |
| | | [১.৮] বাংলাদেশে আশ্রিত রোহিঙ্গা জনগোষ্ঠীর প্রত্যাবাসনে নিরবিচ্ছিন্ন কূটনৈতিক উদ্যোগ অব্যাহত রাখা | [১.৮.১] রোহিঙ্গা বিষয়ে দেশে ও বিদেশে আয়োজিত ও অংশগ্রহণকৃত জাতীয় টাস্কফোর্স সহ বিভিন্ন সভা ও সেমিনার | সমষ্টি | সংখ্যা | ১ | | ৯ | ৯ | ৮ | ৭ | ৬ | ৫ | ১২ | ১৩ |
| | | | [১.৮.২] রোহিঙ্গা ক্যাম্পে বিভিন্ন দেশের রাষ্ট্র/সরকার প্রধানগণ, প্রতিনিধিবৃন্দ এবং জাতিসংঘ সহ অন্যান্য আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধি বৃন্দের জন্য আয়োজিত ও সমন্বয় সাধনকৃত সফর | সমষ্টি | সংখ্যা | ১ | | ১১৭ | ৩৬ | ৩০ | ২৭ | ২৪ | ২০ | ৫২ | ৫৭ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [২] বহুপাক্ষিক, আঞ্চলিক ও আন্তর্জাতিক ফোরামে বাংলাদেশের প্রতিনিধিত্বকরণ, স্বার্থ সংরক্ষণ ও আন্তর্জাতিক অংশীদারিত্ব বৃদ্ধিকরণ | ১৯ | [২.১] বিদেশে বহুপাক্ষিক/ আঞ্চলিক/ আন্তর্জাতিক কনফারেন্স/ সেমিনার/ সভায়/কর্মশালায় অংশগ্রহণ | [২.১.১] অংশগ্রহণকৃত কনফারেন্স/ সেমিনার/সভা/ কর্মশালা (টেলি- কনফারেন্স ও ভার্চুয়াল বৈঠকসহ) | সমষ্টি | সংখ্যা | ৩ | ৮৫ | ৯১ | ৭০ | ৬৫ | ৫২ | ৩৭ | ২৩ | ৮২ | ৯০ |
| | | [২.২] বাংলাদেশে বহুপাক্ষিক/ আঞ্চলিক/ আন্তর্জাতিক/ কনফারেন্স/ সেমিনার/সভা/ কর্মশালা আয়োজন/ অংশগ্রহণ | [২.২.১] আয়োজিত/ অংশগ্রহণকৃত কনফারেন্স/ সেমিনার/সভা/ কর্মশালা (টেলি- কনফারেন্স ও ভার্চুয়াল বৈঠকসহ) | সমষ্টি | সংখ্যা | ২ | ২০ | ২৫ | ২৫ | ২০ | ১৫ | ১০ | ৮ | ৩২ | ৩৫ |
| | | [২.৩] বাংলাদেশে/ বিদেশে আয়োজিত/ অংশগ্রহণকৃত বহুপাক্ষিক/আঞ্চলিক/ আন্তর্জাতিক কনফারেন্স /সেমিনার/সভা/ কর্মশালা পরবর্তী ডকুমেন্ট নেগোশিয়েশন -সহ) প্রস্তুতকরণে সক্রিয় অংশগ্রহণ | [২.৩.১] ডকুমেন্ট প্রস্তুতিতে অংশগ্রহণ/ প্রস্তুতকৃত ডকুমেন্টস | সমষ্টি | সংখ্যা | ১ | | | ২৫ | ২০ | ১৫ | ১০ | ৮ | ৩০ | ৩০ |
| | | [২.৪] জাতিসংঘ এবং বিভিন্ন আন্তর্জাতিক/ আঞ্চলিক সংস্থার নির্বাচনে অংশগ্রহণ | [২.৪.১] অংশগ্রহণকৃত নির্বাচন | সমষ্টি | সংখ্যা | ১ | ৭ | ৩ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৭ | ১০ |
| | | [২.৫] জাতিসংঘের বিভিন্ন সংস্থাসহ অন্যান্য আন্তর্জাতিক/ আঞ্চলিক কমিটিতে/ সংস্থায় বাংলাদেশের প্রতিবেদন দাখিল, বিভিন্ন জিজ্ঞাসার জবাব প্রস্তুতকরণ এবং এ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সমন্বয় সাধন | [২.৫.১] দাখিলকৃত প্রতিবেদন/ জিজ্ঞাসার জবাব এবং সমন্বয়কৃত আন্তঃমন্ত্রণালয় কার্যক্রম | সমষ্টি | সংখ্যা | ১ | ২ | ৭ | ৭ | ৫ | ৪ | ৩ | ২ | ৮ | ৮ |
| | | [২.৬] বহুপাক্ষিক/ আঞ্চলিক চুক্তি/ সমঝোতা স্মারক সম্পাদন/সম্পাদন প্রক্রিয়ায় সহায়তাকরণ | [২.৬.১] খসড়া প্রণয়ন/আলোচনা/স্বাক্ষর/ অনুসমর্থন/ সংশোধন/ বাস্তবায়ন/নবায়ন | সমষ্টি | সংখ্যা | ১ | ২ | ৩ | ৩ | | ২ | | ১ | ৫ | ৫ |
| | | [২.৭] বহুপাক্ষিক/ আঞ্চলিক ফোরামে মহামান্য রাষ্ট্রপতি/ মাননীয় প্রধানমন্ত্রী ও মন্ত্রী পর্যায়ের/বিশিষ্ট ব্যক্তিবর্গের/ সংস্থার প্রতিনিধির বিদেশ সফর এবং বাংলাদেশে বিদেশি বিশিষ্ট ব্যক্তিবর্গের/ সংস্থার প্রতিনিধির সফর আয়োজন ও ডকুমেন্ট প্রস্তুতকরণ | [২.৭.১] আয়োজিত সফর | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৬ | ৫ | ৪ | ৩ | ২ | ৭ | ৭ |
| | | | [২.৭.২] প্রস্তুতকৃত ডকুমেন্ট | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১৫ | ১২ | ১০ | ৮ | ৬ | ৮ | ১০ |
| | | [২.৮] বহুপাক্ষিক, আন্তর্জাতিক ও আঞ্চলিক ইস্যুতে/ সভা, সেমিনার ইত্যাদিতে অংশগ্রহণের জন্য বাংলাদেশের পজিশন পেপার, ব্রিফ, ইন্টারভেনশন, বাচ্যাবলী, বক্তৃতা, পত্র, শুভেচ্ছা বার্তা ইত্যাদি প্রস্তুতকরণ | [২.৮.১] প্রস্তুতকৃত পজিশন পেপার, ইন্টারভেনশন, ব্রিফ, বাচ্যাবলী, বক্তৃতা, পত্র, শুভেচ্ছা বার্তা ইত্যাদি | সমষ্টি | সংখ্যা | ৩ | | ৭২ | ৬০ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৮০ | ৮০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | | |
| | | [২.৯] আঞ্চলিক/ আন্তর্জাতিক বিভিন্ন সংস্থায় চাঁদা/অনুদান প্রদান/প্রদানের বিষয়ে সমন্বয় সাধন | [২.৯.১] চাঁদা/ অনুদান প্রদানকৃত সংস্থার সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ১ | ২০ | ২৮ | ২৫ | ২০ | ১৫ | ১০ | ৮ | ২০ | ২০ |
| | | [২.১০] বিদেশে/ বাংলাদেশে বহুপাক্ষিক/ আঞ্চলিক বিভিন্ন সেমিনার/কনফারেন্স /সভা/প্রশিক্ষণ আয়োজন/ অংশগ্রহণের জন্য আন্তঃমন্ত্রণালয়/ বিভাগ/সংস্থার সাথে সমন্বয় সাধন | [২.১০.১] আন্তঃমন্ত্রণালয়/ বিভাগ/সংস্থার সাথে সমন্বয় সংক্রান্ত কার্যাবলী (ভার্চুয়ালসহ) | সমষ্টি | সংখ্যা | ২ | | ৭৪ | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৮০ | ৮০ |
| | | [২.১১] দেশে/বিদেশে টেকসই উন্নয়ন অভীষ্ট সংক্রান্ত বিভিন্ন সভা/সেমিনার/ আলোচনা/কর্মশালা/ প্রশিক্ষণ আয়োজন ও সক্রিয় অংশগ্রহণ | [২.১১.১] আয়োজনকৃত/ অংশগ্রহণকৃত আলোচনা/ সভা/সেমিনার ও কর্মশালা/ প্রশিক্ষণ (ভার্চুয়ালসহ) | সমষ্টি | সংখ্যা | ১ | | ২৮ | ১৫ | ১৩ | ১২ | ১০ | ৯ | ২০ | ২৫ |
| [৩] কন্স্যুলার সেবা প্রদান সহজীকরণ | ১০ | [৩.১] বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে ই-পাসপোর্ট প্রদান কার্যক্রম সম্প্রসারণ | [৩.১.১] কার্যক্রম চালুকৃত মিশন | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ১৫ | ১৫ |
| | | [৩.২] দাখিলকৃত আবেদন অনুযায়ী ডকুমেন্ট সত্যায়ন, কূটনৈতিক পাসপোর্ট/ সার্ক স্টিকার ইস্যুকরণ ও অন্যান্য কনস্যুলার সেবা প্রদান | [৩.২.১] পুলিশ ক্লিয়ারেন্স, শিক্ষাগত সনদ ও অন্যান্য সনদ সত্যায়ন | সমষ্টি | সংখ্যা | ৪ | ৬৮৬৪৮৮ | ৬৭৩৫১৯ | ১৯৭৯০০ | ১৭৮১০০ | ১৫৮৩২০ | ১৩৮৫৩০ | ১১৮৭৪০ | ২৩৭৫০০ | ২৮৪৯০০ |
| | | | [৩.২.২] সার্ক স্টিকার ও নোট ভার্বাল প্রদান | সমষ্টি | সংখ্যা | ২ | ৭৬২৭ | ৪৩৪০ | ৩০০ | ২৭০ | ২৪০ | ২১০ | ১৮০ | ৪০০ | ৫০০ |
| | | | [৩.২.৩] কূটনৈতিক পাসপোর্ট | সমষ্টি | সংখ্যা | ১ | ১৭৪৭ | ৫৯৮ | ৪৫০ | ৪০৫ | ৩৬০ | ৩১৫ | ২৭০ | ৫৬০ | ৫৭০ |
| | | [৩.৩] প্রবাসী বাংলাদেশীদের মৃতদেহ প্রত্যাবাসন | [৩.৩.১] দাখিলকৃত আবেদন | ক্রমপুঞ্জিভূত | শতকরা | ২ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| [৪] বৈশ্বিক রীতি অনুযায়ী রাষ্ট্রাচার সংক্রান্ত কার্যাবলীতে ক্রম উৎকর্ষতা অর্জনের মাধ্যমে কূটনৈতিক সৌহার্দ্য বৃদ্ধিকরণ | ৯ | [৪.১] দেশে ও বিদেশে কূটনৈতিক প্রতিনিধি নিয়োগ সংক্রান্ত কার্যাবলী সম্পাদন এবং কূটনৈতিক প্রতিনিধিত্ব সম্প্রসারণ | [৪.১.১] রাষ্ট্রদূত/ হাইকমিশনার, অনারারী কনসাল/ এটাশে নিয়োগ সংক্রান্ত কার্যাবলী/নতুন মিশন/ অনারারী কনসুলেট স্থাপনের জন্য গৃহীত কার্যক্রম | সমষ্টি | সংখ্যা | ৩ | ৩০ | ২৪ | ২০ | ১৮ | ১৫ | ১০ | ৮ | ২০ | ২০ |
| | | [৪.২] বাংলাদেশের আকাশসীমা ব্যবহার করে উড্ডয়ন/ অবতরণের জন্য বিশেষ (চার্টার্ড) সহ ফ্লাইট সমূহের কূটনৈতিক ছাড়পত্র প্রদান | [৪.২.১] অনুমোদিত ফ্লাইট | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪০০ | ৩৬০ | ৩২০ | ২৮০ | ২৪০ | ৪০০ | ৪০০ |
| | | [৪.৩] বাংলাদেশে অবস্থিত বিদেশি মিশনসমূহকে কূটনৈতিক সুবিধাদি প্রদান | [৪.৩.১] প্রদানকৃত ডিপ্লোমেটিক/ নন-ডিপ্লোমেটিক ভিসা/ডিপ্লোমেটিক পরিচয়পত্র | সমষ্টি | সংখ্যা | ২ | | ৬৫৬ | ৫০০ | ৪৫০ | ৪০০ | ৩৫০ | ৩০০ | ৫০০ | ৫০০ |
| | | | [৪.৩.২] অনুমোদিত/ সমন্বয়কৃত বিদেশী কূটনীতিকদের অভ্যন্তরীণ/ স্থানীয় সফর | সমষ্টি | সংখ্যা | ১ | | ৪৫৩ | ৫০ | ৪০ | ৩০ | ২০ | ১০ | ১০০ | ১০০ |
| | | [৪.৪] রাষ্ট্রীয়/ বিদেশী/অন্যান্য বিশিষ্ট অতিথিবৃন্দের/ কূটনীতিবিদদের সম্মানে ভোজের আয়োজন | [৪.৪.১] আয়োজিত ভোজ | সমষ্টি | সংখ্যা | ১ | ৮৭ | ৫৮ | ১০ | ৮ | ৭ | ৬ | ৫ | ২০ | ২৫ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| [৫] অর্থনৈতিক কূটনীতি জোরদারকরণ ও সুনীল অর্থনীতির উন্নয়ন | ৯ | [৫.১] অর্থনৈতিক সহযোগিতা সংক্রান্ত দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক আলোচনা/বৈঠক আয়োজন/ অংশগ্রহণ | [৫.১.১] আয়োজিত/ অংশগ্রহণকৃত আলোচনা/ বৈঠক (ভার্চুয়াল সহ) | সমষ্টি | সংখ্যা | ২ | | ৩৩ | ১৫ | ১৩ | ১২ | ১১ | ৯ | ১৫ | ১৫ |
| | | [৫.২] বিদেশে বাংলাদেশের পণ্য রপ্তানি ও শ্রমবাজার সম্প্রসারণে সহায়তা ও বাংলাদেশে বিনিয়োগে আকৃষ্টকরণ | [৫.২.১] আয়োজিত/ অংশগ্রহণকৃত সভা/সেমিনার/ মেলা, সরকারি/ বেসরকারি বিজনেস চেম্বার প্রতিনিধির সাথে বৈঠক/সভা (ভার্চুয়াল সহ) | সমষ্টি | সংখ্যা | ১ | | ২৭ | ৪০ | ৩৬ | ৩২ | ২৭ | ২৪ | ৪২ | ৪৪ |
| | | [৫.৩] অর্থনৈতিক সহযোগিতা সংক্রান্ত দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক আলোচনা/বৈঠকের জন্য পজিশন পেপার, ব্রিফ, ইন্টারভেনশন, ইত্যাদি প্রস্তুতকরণ | [৫.৩.১] প্রস্তুতকৃত আলোচনা/ বৈঠকের জন্য পজিশন পেপার, ইন্টারভেনশন, ব্রিফ, ইত্যাদি | সমষ্টি | সংখ্যা | ১ | | ৭ | ৩ | | ২ | | ১ | ৩ | ৩ |
| | | [৫.৪] বাংলাদেশের মহীসোপানের ন্যায্য প্রাপ্যতা নিশ্চিতকরণে আইনী দলিল প্রস্তুতকরণ, মুদ্রণ ও জাতিসংঘের কমিশন অন দ্য লিমিটস অফ দি কন্টিনেন্টাল শেলফ (CLCS) -এ পেশ সংক্রান্ত কার্যক্রম পরিচালনা ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ | [৫.৪.১] আয়োজিত/ অংশগ্রহণকৃত সেশন | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৭ | ৯ |
| | | [৫.৫] ব্লু ইকোনমি সেক্টরসমূহের উন্নয়ন এবং বাংলাদেশের সমুদ্রসীমায় বিদ্যমান সম্পদ আহরণ, সংরক্ষণ ও জীববৈচিত্র্যের টেকসই ব্যবহারের বিষয়ে প্রয়োজনীয় সমন্বয় সাধন | [৫.৫.১] সুনীল অর্থনীতি কর্মপরিকল্পনা (২০২১-২০৩০) বাস্তবায়ন ও পরিবীক্ষণ এবং এ সংক্রান্ত কনফারেন্স, সভা, সেমিনার,কর্মশালা, প্রশিক্ষণ কর্মসূচী আয়োজন এবং অংশগ্রহন | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৭ | ৯ |
| | | | [৫.৫.২] অন্যান্য রাষ্ট্র ও সংস্থার সাথে সহযোগিতা স্থাপন, সমঝোতা স্মারক স্বাক্ষর, এ বিষয়ক পলিসি পেপার প্রণয়ন ইত্যাদি | সমষ্টি | সংখ্যা | ০.৫ | | | ৩ | | ২ | | ১ | ৪ | ৫ |
| | | | [৫.৫.৩] জীব বৈচিত্র্যের টেকসই ব্যবহার ও সংরক্ষণের বিষয়ে আন্তর্জাতিক আইনি দলিলসমূহ প্রস্তুতকরণের মাধ্যমে বাংলাদেশের স্বার্থ সংরক্ষণ | সমষ্টি | সংখ্যা | ০.৫ | | | ৩ | | ২ | | ১ | ৪ | ৫ |
| | | [৫.৬] আন্তর্জাতিক এবং আঞ্চলিক সংস্থাসমূহের সহযোগিতায় আনক্লজ-১৯৮২ বাস্তবায়ন এবং ব্লু-ইকোনমি সংক্রান্ত সক্ষমতা বৃদ্ধি | [৫.৬.১] সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রণালয়ের কর্মকর্তাদের অংশগ্রহণকৃত বিভিন্ন কর্মশালা ও প্রশিক্ষণ কর্মসূচী | সমষ্টি | সংখ্যা | ০.৫ | | | ৮ | ৭ | ৬ | ৫ | ৪ | ১০ | ১২ |
| | | [৫.৭] বিদেশী জাহাজে কর্মরত বাংলাদেশি সী-ফেরারদের আন্তর্জাতিক আইন অনুযায়ী প্রাপ্য সুযোগ-সুবিধা নিশ্চিতকরণে ব্যবস্থা গ্রহণ | [৫.৭.১] এ সংক্রান্ত সমন্বয় সভা/ বৈঠকে অংশগ্রহণ ও বিদেশী রাষ্ট্রের সাথে কূটনৈতিক যোগাযোগ | সমষ্টি | সংখ্যা | ০.৫ | | | ৩ | | ২ | | ১ | ৪ | ৫ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [৬] বাংলাদেশের ভাবমূর্তি তুলে ধরতে শক্তিশালী বহিঃপ্রচার কার্যক্রম এবং সার্বিক জনকূটনীতি পরিচালন | ৮ | [৬.১] পররাষ্ট্র মন্ত্রণালয় এবং বিদেশস্থ বাংলাদেশ মিশন সমূহের কার্যক্রমভিত্তিক মাসিক প্রকাশনা 'এফওবিএন' প্রকাশ | [৬.১.১] প্রকাশনা (অনলাইনসহ) | সমষ্টি | সংখ্যা | ১ | ১২ | ৭ | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ১২ | ১২ |
| | | [৬.২] অন্যান্য প্রকাশনা সম্পাদনা ও মুদ্রণ/ ডিজিটাল প্রকাশনা/ Diplomatic Corps প্রকাশনা | [৬.২.১] প্রকাশনা (অনলাইনসহ) | সমষ্টি | সংখ্যা | ১ | ৪ | ৪ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৭ | ৮ |
| | | [৬.৩] ঢাকায় অবস্থিত বিভিন্ন দেশের কূটনৈতিক মিশন ও আন্তর্জাতিক সংস্থা সমূহের নিকট সরকারের গৃহীত কার্যক্রম ও বিভিন্ন বিষয়ে অবস্থান তুলে ধরা/মন্ত্রণালয় ও মিশন থেকে প্রাপ্ত প্রেস রিলিজ মিডিয়ায় প্রেরণ | [৬.৩.১] আয়োজিত কূটনৈতিক ব্রিফিং/ প্রেস রিলিজ | সমষ্টি | সংখ্যা | ২ | ২৮৫ | ২০৩ | ১৮০ | ১৬০ | ১৪০ | ১২০ | ১১০ | ১৯০ | ২০০ |
| | | [৬.৪] মুজিববর্ষ পালন ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপন | [৬.৪.১] বিশেষ প্রকাশনা/ক্রোড়পত্র ও ডিজিটাল প্রকাশনা | সমষ্টি | সংখ্যা | ১ | | ৪০ | ৪০ | ৩৬ | ৩২ | ২৮ | ২৪ | | |
| | | | [৬.৪.২] সেমিনার, কনফারেন্স/ শিশুদের অনুষ্ঠান/ অন্যান্য অনুষ্ঠান/ ভার্চুয়াল অনুষ্ঠান আয়োজন | সমষ্টি | সংখ্যা | ১ | | ১০৮ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |
| | | | [৬.৪.৩] বিদেশী রাষ্ট্র/সরকার প্রধান/ গণ্যমান্য অতিথিদের অংশগ্রহণ/বার্তা প্রেরণ /ভিডিও বার্তা প্রেরণ | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১৫ | ১৩ | ১১ | ১০ | ৯ | | |
| | | | [৬.৪.৪] স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপন উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠান/ কার্যক্রম/ অনলাইন ভিত্তিক কার্যক্রম/ অনুষ্ঠান | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪০ | ৩৬ | ৩২ | ২৮ | ২৪ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১০ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন | [১.১.১] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ১২ | ১১ | | | | | |
| | | | [১.১.২] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪ | | | | | | |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১] অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১] অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৯ | [২.১] ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিষ্পত্তিকৃত | গড় | % | ২ | | | ৮০ | ৭০ | ৬০ | | | | |
| | | [২.২] ডিজিটাল সেবা চালুকরণ | [২.২.১] একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | তারিখ | তারিখ | ২ | | | ১৫.০২.২১ | ১৫.০৩.২১ | ১৫.০৪.২১ | ১৫.০৫.২১ | | | |
| | | [২.৩] সেবা সহজিকরণ | [২.৩.১] একটি নতুন সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়িত | তারিখ | তারিখ | ১ | | | ২৫.০২.২১ | ২৫.০৩.২১ | ২৫.০৪.২১ | ২৫.০৫.২১ | | | |
| | | [২.৪] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৪.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | সমষ্টি | জনঘন্টা | ২ | | | ৫০ | ৪০ | ৩০ | ২০ | | | |
| | | | [২.৪.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | সমষ্টি | জনঘন্টা | ১ | | | ৫ | ৪ | | | | | |
| | | [২.৫] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | [২.৫.১] ন্যূনতম একটি আওতাধীন দপ্তর-সংস্থা/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১ | | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | সমষ্টি | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | % | ২ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | | [৩.২.২] প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত আইএমইডি'র সুপারিশ বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] দ্বিপক্ষীয়/ত্রিপক্ষীয় সভায় উপস্থাপিত অডিট আপত্তি | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | | |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় মাননীয় মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ............................................ | ১৭/০৯/২০২০ |
| সচিব<br>পররাষ্ট্র মন্ত্রণালয় | তারিখ |

| | |
|---|---|
| ............................................ | ১৭.০৯.২০২০ |
| মন্ত্রিপরিষদ সচিব<br>মন্ত্রিপরিষদ বিভাগ | তারিখ |

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | FOC | Foreign Office Consultation |
| ২ | P4G | Partnering for Green Growth and the Global Goals 2030 |
| ৩ | IORA | Indian Ocean Rim Association |
| ৪ | JCM | Joint Comission Meeting |
| ৫ | JWG | Joint Working Group |
| ৬ | FOBN | Foreign Office Briefing Notes |
| ৭ | UNCLOS | United Nations Convention on the Law of the Sea |
| ৮ | CLCS | Commission on the Limits of the Continental Shelf |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকের বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বিদেশ সফর এবং বিদেশী সরকার ও রাষ্ট্রপ্রধানের বাংলাদেশ সফরের আয়োজন | [১.১.১] আয়োজিত সফর | কোন রাষ্ট্রপ্রধান কিংবা সরকার প্রধান পর্যায়ের সফরকে ভিভিআইপি সফর হিসেবে চিহ্নিত করা হয়। দুইটি দেশের মধ্যকার দীর্ঘদিনের পরম বন্ধুত্বপূর্ণ সম্পর্ক, সদ্ভাব ও পারস্পরিক সহযোগিতার চূড়ান্ত নিদর্শন হচ্ছে ভিভিআইপি সফর, যার মাধ্যমে দুইটি দেশ দ্বিপাক্ষিক সম্পর্ক উচ্চপর্যায়ে নিয়ে যেতে সচেষ্ট হয়। | রাষ্ট্রাচার অনুবিভাগ, সকল দ্বি-পাক্ষিক অনুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | আয়োজিত সফরের সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.২] দেশে ও বিদেশে মন্ত্রী পর্যায়ের বৈঠক আয়োজন ও অংশগ্রহণ | [১.২.১] আয়োজিত/ অংশগ্রহণকৃত বৈঠক (ভার্চুয়াল বৈঠকসহ) | মন্ত্রী পর্যায়ের বৈঠক দ্বিপাক্ষিক সম্পর্ক জোরদার করণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বৈঠকের সংখ্যা পূর্বনির্ধারিত নয় বিধায় এক বছরে অনুষ্ঠিত বৈঠকের সংখ্যা অন্য বছরে অনুষ্ঠিত বৈঠকের সংখ্যা অন্য বছর থেকে কম বেশি হতে পারে। | সকল দ্বি-পাক্ষিক অনুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | আয়োজিত বৈঠকের সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.৩] দ্বিপাক্ষিক চুক্তি/সমঝোতা স্মারক সম্পাদন/ সম্পাদন প্রক্রিয়ায় সহায়তাকরণ | [১.৩.১] খসড়া প্রণয়ন,আলোচনা, স্বাক্ষর, সংশোধন, বাস্তবায়ন ও নবায়ন | যেকোন সফল কূটনৈতিক নেগোসিয়েশনের চূড়ান্ত ফলাফল হচ্ছে চুক্তি সম্পাদন। দ্বিপাক্ষিক চুক্তি স্বাক্ষরের মাধ্যমে দুটি দেশ নির্ধারিত সময়ের মধ্যে নির্দিষ্ট কিছু লক্ষ্য পূরণে অঙ্গীকারাবদ্ধ হয় যার কারণে ঐদেশ দুটি আন্তর্জাতিক আইনে দায়বদ্ধ থাকে। ২০১৯-২০ অর্থবছরে বাংলাদেশ, বন্ধু প্রতিম দেশসমূহের সঙ্গে পঞ্চাশের অধিক গুরুত্বপূর্ণ দ্বিপাক্ষিক চুক্তি স্বাক্ষর করেছে। উদাহরণ হিসেবে বলা যেতে পারে ২০১৯ সালের জুলাই ও অক্টোবরে মাননীয় প্রধানমন্ত্রীর গণচীন এবং ভারত সফরের সময় পারস্পরিক সহযোগিতার বিভিন্ন ক্ষেত্রে ১৬ টি চুক্তি ও সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়, যা বাংলাদেশের সাথে চীন ও ভারতের সম্পর্ক নতুন উচ্চতায় উন্নীত করেছে। | সকল দ্বি-পাক্ষিক অনুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয় এবং চুক্তির বিষয় সংশ্লিষ্ট মন্ত্রণালয় | স্বাক্ষরিত চুক্তির সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.৪] দ্বি-পাক্ষিক সংলাপ/সভা আয়োজন/ অংশগ্রহণ (Dialogue/ Political Consultations/ FOC/JCM/ JWG)/সচিব পর্যায়ের বৈঠক আয়োজন ও অংশগ্রহণ | [১.৪.১] আয়োজিত/ অংশগ্রহণকৃত সংলাপ/বৈঠক (ভার্চুয়াল বৈঠকসহ) | অধিকাংশ দেশে পররাষ্ট্র মন্ত্রী/প্রতিমন্ত্রী কিংবা পররাষ্ট্র সচিব পর্যায়ে বৈঠক, ফরেন অফিস কন্সালটেশন এর মাধ্যমে বিভিন্ন গুরুত্বপূর্ণ দ্বিপাক্ষিক বিষয় নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয় এবং তাঁরা এসব সভায় বিভিন্ন দিক পরীক্ষা-নিরীক্ষা ও বিশ্লেষণপূর্বক দুইটি দেশের দ্বিপাক্ষিক সম্পর্ককে উচ্চপর্যায়ে নিয়ে যেতে সচেষ্ট হন। এর পাশাপাশি সচিব/ যুগ্ম সচিব পর্যায়ের জয়েন্ট ওয়ার্কিং গ্রুপ/জয়েন্ট কমিশন বৈঠকে গৃহীত সুপারিশ/ আলোচনাসমূহ দুই দেশের মধ্যকার সম্ভাব্য সহযোগিতার ক্ষেত্রগুলোকে চিহ্নিত করে সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা গ্রহণে সহায়ক হয়। | সকল দ্বি-পাক্ষিক অনুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | আয়োজিত এবং অংশগ্রহণকৃত সংলাপ/বৈঠক (ভার্চুয়াল বৈঠক সহ)-এর সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.৫] মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মন্ত্রী ও সচিব পর্যায়ের সাথে বিদেশী প্রতিনিধি/ দলের সাক্ষাত/ ফোনালাপ-এর আয়োজন ও বাচ্যাবলী প্রস্তুত করণ | [১.৫.১] আয়োজিত সাক্ষাৎ (ভার্চুয়াল বৈঠক/ টেলিফোন সংলাপসহ) | দ্বিপাক্ষিক সফর, সভা ও বৈঠকে বিভিন্ন ইস্যুতে বাচ্যাবলী/ বক্তৃতা উপস্থাপনের মাধ্যমে বাংলাদেশের অবস্থান তুলে ধরে বাংলাদেশের স্বার্থসংরক্ষণ ও ভাবমূর্তি সমুজ্জ্বলকরণেরসমূহ সম্ভাবনার সৃষ্টি হয়। কোভিড-১৯ পরিস্থিতিতে ভার্চুয়াল বৈঠক/ টেলিফোন সংলাপের মাধ্যমেও বাংলাদেশ তার অবস্থান তুলে ধরছে। | সকল দ্বি-পাক্ষিক অনুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | আয়োজিত সাক্ষাতের (ভার্চুয়াল বৈঠক/ টেলিফোন সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.৬] বিভিন্ন দেশে জাতীয় দিবস, ও অন্যান্য গুরুত্বপূর্ণ প্রেক্ষাপটে বার্তা প্রদান/প্রেরণ | [১.৬.১] প্রদান/ প্রেরণকৃত বার্তা | বিভিন্ন দেশে জাতীয় দিবস, জাতীয় শোক দিবস ও অন্যান্য গুরুত্বপূর্ণ প্রেক্ষাপটে শুভেচ্ছাবার্তা, শোকবার্তা, প্রভৃতি প্রদানের মাধ্যমে সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক বজায় থাকে। | সকল দ্বি-পাক্ষিক অনুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | প্রদান/ প্রেরণকৃত বার্তা সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.৭] আন্তঃমন্ত্রণালয় সভা আয়োজন/ অংশগ্রহণ | [১.৭.১] আয়োজিত/ অংশগ্রহণকৃত সভা (ভার্চুয়াল সভাসহ) | দেশে ও বিদেশে অনুষ্ঠিত সভা/ সিম্পোজিয়াম/ সেমিনার/কনফারেন্স/ প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণের মাধ্যমে দ্বিপাক্ষিক সম্পর্ক সুসংহত হয়। বাংলাদেশ সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ/সংস্থার সাথে এজন্য সমন্বয় সাধন করতে হয়। | সকল দ্বি-পাক্ষিক অনুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | আয়োজিত/অংশ গ্রহণকৃত সভা (ভার্চুয়াল সভা সহ) | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.৮] বাংলাদেশে আশ্রিত রোহিঙ্গা জনগোষ্ঠীর প্রত্যাবাসনে নিরবিচ্ছিন্ন কূটনৈতিক উদ্যোগ অব্যাহত রাখা | [১.৮.১] রোহিঙ্গা বিষয়ে দেশে ও বিদেশে আয়োজিত ও অংশগ্রহণকৃত জাতীয় টাস্কফোর্স সহ বিভিন্ন সভা ও সেমিনার | রোহিঙ্গা বিষয়ক জাতীয় টাস্কফোর্সসহ বিভিন্ন সভা ও সেমিনারের আয়োজন ও অংশগ্রহণের মাধ্যমে দ্বিপাক্ষিক, ত্রিপাক্ষিক, আঞ্চলিক ও বহুপাক্ষিক কূটনৈতিক প্রচেষ্টার মাধ্যমে বাংলাদেশে আশ্রিত রোহিঙ্গা জনগোষ্ঠীর প্রত্যাবাসন ত্বরান্বিত করার প্রচেষ্টা করে যাবে এবং মায়ানমারের উপর চাপ সৃষ্টি করবে । | মায়ানমার অনুবিভাগ, জাতিসংঘ অনুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয় | আয়োজিত সভার সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| | [১.৮.২] রোহিঙ্গা ক্যাম্পে বিভিন্ন দেশের রাষ্ট্র/সরকার প্রধানগণ, প্রতিনিধিবৃন্দ এবং জাতিসংঘ সহ অন্যান্য আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধি বৃন্দের জন্য আয়োজিত ও সমন্বয় সাধনকৃত সফর | বাংলাদেশে আশ্রিত রোহিঙ্গা জনগোষ্ঠীর প্রত্যাবাসন ত্বরান্বিতকরণ ও রোহিঙ্গা সমস্যা সমাধানকল্পে বিভিন্ন দেশের রাষ্ট্র/সরকার প্রধানগণ, প্রতিনিধিবৃন্দ এবং জাতিসংঘের বিভিন্ন সংস্থা ও অন্যান্য আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধিবৃন্দের রোহিঙ্গা ক্যাম্প সফর আন্তর্জাতিক অঙ্গণে গুরুত্বপূর্ণ প্রভাব রাখছে। যেমন, ২০১৮ সালের মে মাসে ঢাকায় অনুষ্ঠিত ওআইসি পররাষ্ট্র মন্ত্রীদের সম্মেলনের সময় বাংলাদেশ, সকল অতিথিদের রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শনের ব্যবস্থা করে। এ প্রেক্ষিতে ওআইসি-এর সম্মেলনে রোহিঙ্গা ইস্যুতে জবাবদিহিতার প্রশ্নে একটি রেজ্যুলেশন গৃহীত হয় এবং এই বিষয়ে গাম্বিয়াকে চেয়ার ও বাংলাদেশকে কো-চেয়ার করে একটি এডহক কমিটি গঠিত হয়। ফলস্বরূপ ২০১৯-এ গাম্বিয়ার রাজধানী বানজুলে ওআইসির এডহক মন্ত্রীপর্যায়ের কমিটির বৈঠকে রোহিঙ্গা বিষয়ে আইসিজেতে মায়ানমারের আরাকান রাজ্যে রোহিঙ্গাদের আইনি অধিকার প্রতিষ্ঠার বিষয়ে মামলা করার সিদ্ধান্ত গৃহীত হয়। এই মামলার যে রায় হয়েছে তা মায়ানমারের উপর চাপ সৃষ্টি করবে বলে আশা করা যায়। | মায়ানমার অনুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | আয়োজিত সফর সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [২.১] বিদেশে বহুপাক্ষিক/ আঞ্চলিক/ আন্তর্জাতিক কনফারেন্স/ সেমিনার/ সভায়/কর্মশালায় অংশগ্রহণ | [২.১.১] অংশগ্রহণকৃত কনফারেন্স/ সেমিনার/সভা/ কর্মশালা (টেলি- কনফারেন্স ও ভার্চুয়াল বৈঠকসহ) | বহুপাক্ষিক/ আঞ্চলিক কনফারেন্স/ সেমিনার/সভায় বৈশ্বিকভাবে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা হয় যেখানে সকল দেশ আলোচ্য বিষয়ে তার অবস্থান তুলে ধরে। জাতীয় স্বার্থ সুরক্ষায় এসব বহুপাক্ষিক/আঞ্চলিক কনফারেন্স/ সেমিনার/সভায় অংশগ্রহণ গুরুত্বপূর্ণ। | সকল বহুপাক্ষিক/ আঞ্চলিক অনুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয় এবং কনফারেন্স/সেমিনার/সভার বিষয় সংশ্লিষ্ট মন্ত্রণালয় | অংশগ্রহণকৃত কনফারেন্স/ সেমিনার/সভারসংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [২.২] বাংলাদেশে বহুপাক্ষিক/ আঞ্চলিক/ আন্তর্জাতিক/ কনফারেন্স/ সেমিনার/সভা/ কর্মশালা আয়োজন/ অংশগ্রহণ | [২.২.১] আয়োজিত/ অংশগ্রহণকৃত কনফারেন্স/ সেমিনার/সভা/ কর্মশালা (টেলি- কনফারেন্স ও ভার্চুয়াল বৈঠকসহ) | ঢাকায় আয়োজিত এই সব বহুপাক্ষিক আঞ্চলিক/আন্তর্জাতিক কনফারেন্স/ সেমিনার বিশ্ব দরবারে দেশের ভাবমূর্তি সমুজ্জ্বলকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। যেমন, জিএফএমডি-এর নবম শীর্ষ সম্মেলন, ওআইসি সিএফএম, গ্লোবাল ঢাকা ডায়লগ ইত্যাদি। বাংলাদেশ এই রকম বহুপাক্ষিক আঞ্চলিক/আন্তর্জাতিক কনফারেন্স/ সেমিনার আয়োজনে তার সক্ষমতা বৃদ্ধির জন্য কাজ করে আসছে। | সকল বহুপাক্ষিক/ আঞ্চলিক অনুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয়, বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | আয়োজিত/ অংশগ্রহণকৃত কনফারেন্স/ সেমিনার/সভা/ কর্মশালার (টেলি- কনফারেন্স ও ভার্চুয়ালসহ) সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [২.৩] বাংলাদেশে/ বিদেশে আয়োজিত/ অংশগ্রহণকৃত বহুপাক্ষিক/আঞ্চলিক/ আন্তর্জাতিক কনফারেন্স /সেমিনার/সভা/ কর্মশালা পরবর্তী ডকুমেন্ট নেগোশিয়েশন -সহ) প্রস্তুতকরণে সক্রিয় অংশগ্রহণ | [২.৩.১] ডকুমেন্ট প্রস্তুতিতে অংশগ্রহণ/ প্রস্তুতকৃত ডকুমেন্টস | বহুপাক্ষিক ও আঞ্চলিক ইস্যুতে অনুষ্ঠিত কনফারেন্স/সেমিনার/সভা/কর্মশালায় নেগোশিয়েশনের মাধ্যমে আউটকাম ডকুমেন্ট প্রস্তুতকরণে বাংলাদেশের সক্রিয় এবং নেতৃত্বস্থানীয় ভূমিকা সব সময়ই থাকে, যা বাংলাদেশের স্বার্থ সংরক্ষণের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। | সকল বহুপাক্ষিক/ আঞ্চলিক অনুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয় এবং কনফারেন্স/সেমিনার/সভার বিষয় সংশ্লিষ্ট মন্ত্রণালয় | ডকুমেন্ট প্রস্তুতিতে অংশগ্রহণ/ প্রস্তুতকৃত ডকুমেন্টস-এর সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [২.৪] জাতিসংঘ এবং বিভিন্ন আন্তর্জাতিক/ আঞ্চলিক সংস্থার নির্বাচনে অংশগ্রহণ | [২.৪.১] অংশগ্রহণকৃত নির্বাচন | জাতিসংঘ এবং বিভিন্ন আন্তর্জাতিক সংস্থায় বাংলাদেশের অবস্থান সুদৃঢ় করা এবং বিশ্ববাসীর কাছে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বল করার ক্ষেত্রে সংস্থাসমূহের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অংশগ্রহণ এবং জয়লাভ খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বিভিন্ন দেশের সাথে প্রতিদ্বন্দ্বিতা করে এই সাফল্য পেতে পররাষ্ট্র মন্ত্রণালয় এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে কর্মরত সংশ্লিষ্ট কর্মকর্তাদের জোর প্রচেষ্টা চালাতে হয়। | জাতিসংঘসহ অন্যান্য বহুপাক্ষিক/ আঞ্চলিক অনুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয়, বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | অংশগ্রহণকৃত নির্বাচনের সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [২.৫] জাতিসংঘের বিভিন্ন সংস্থাসহ অন্যান্য আন্তর্জাতিক/ আঞ্চলিক কমিটিতে/ সংস্থায় বাংলাদেশের প্রতিবেদন দাখিল, বিভিন্ন জিজ্ঞাসার জবাব প্রস্তুতকরণ এবং এ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সমন্বয় সাধন | [২.৫.১] দাখিলকৃত প্রতিবেদন/ জিজ্ঞাসার জবাব এবং সমন্বয়কৃত আন্তঃমন্ত্রণালয় কার্যক্রম | জাতিসংঘ মানবাধিকার কাউন্সিল এবং বিভিন্ন কমিটিতে পর্যালোচনা অথবা মানবাধিকার সংক্রান্ত বিভিন্ন কনভেনশনের রাষ্ট্রপক্ষ কর্তৃক বাস্তবায়ন প্রতিবেদন দাখিলের বাধ্যবাধকতা রয়েছে। এ সকল পর্যালোচনা বা প্রতিবেদনের মাধ্যমে মানবাধিকার বিষয়ে সরকারের গৃহীত পদক্ষেপ ও অর্জন সমূহ আন্তর্জাতিক পরিমন্ডলে তুলে ধরা হয়। | জাতিসংঘসহ অন্যান্য বহুপাক্ষিক/ আঞ্চলিক অনুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয়, বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ এবং কমিটি/বিষয় সংশ্লিষ্ট মন্ত্রণালয় | দাখিলকৃত প্রতিবেদন/ জিজ্ঞাসার জবাব এবং সমন্বয়কৃত আন্তঃমন্ত্রণালয় কার্যক্রমের সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [২.৬] বহুপাক্ষিক/ আঞ্চলিক চুক্তি/ সমঝোতা স্মারক সম্পাদন/সম্পাদন প্রক্রিয়ায় সহায়তাকরণ | [২.৬.১] খসড়া প্রণয়ন/আলোচনা/স্বাক্ষর/ অনুসমর্থন/ সংশোধন/ বাস্তবায়ন/নবায়ন | যে কোন সফল কূটনৈতিক নেগোসিয়েশনের চূড়ান্ত ফলাফল হচ্ছে চুক্তি সম্পাদন। আঞ্চলিক/বহুপাক্ষিক চুক্তি স্বাক্ষরের মাধ্যমে দেশসমূহ নির্ধারিত সময়ের মধ্যে নির্দিষ্ট কিছু লক্ষ্য পূরণে অঙ্গীকারাবদ্ধ হয় যার কারণে দেশসমূহ আন্তর্জাতিক আইনে দায়বদ্ধ থাকে। ইতোমধ্যে পররাষ্ট্র মন্ত্রণালয় বেশকিছু গুরুত্বপূর্ণ আঞ্চলিক/বহুপাক্ষিক চুক্তি স্বাক্ষর করেছে। তবে আঞ্চলিক/ বহুপাক্ষিক চুক্তি স্বাক্ষর একটি সুদীর্ঘ প্রক্রিয়ার মধ্য দিয়ে যায়, যা খসড়া প্রণয়ন থেকে শুরু করে আলোচনা/স্বাক্ষর/ অনুসমর্থন/সংশোধন/বাস্তবায়ন-এর বিভিন্ন ধাপ অনুসরন করে করতে হয়। এমনকি চুক্তির শর্ত অনুযায়ী নবায়ন করাও একটি অন্যতম কার্যক্রম। | বহুপাক্ষিক/ আঞ্চলিক অনুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয় এবং চুক্তির বিষয় সংশ্লিষ্ট মন্ত্রণালয় | চুক্তি/সমঝোতা স্মারক সম্পাদন/ সম্পাদন প্রক্রিয়ায় বিভিন্ন ধাপ | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [২.৭] বহুপাক্ষিক/ আঞ্চলিক ফোরামে মহামান্য রাষ্ট্রপতি/ মাননীয় প্রধানমন্ত্রী ও মন্ত্রী পর্যায়ের/বিশিষ্ট ব্যক্তিবর্গের/ সংস্থার প্রতিনিধির বিদেশ সফর এবং বাংলাদেশে বিদেশি বিশিষ্ট ব্যক্তিবর্গের/ সংস্থার প্রতিনিধির সফর আয়োজন ও ডকুমেন্ট প্রস্তুতকরণ | [২.৭.১] আয়োজিত সফর | আঞ্চলিক/বহুপাক্ষিক বিভিন্ন ফোরামে মহামান্য রাষ্ট্রপতি/মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতির মাধ্যমে বিশ্বফোরামে বাংলাদেশের অবস্থান তুলে ধরার পাশাপাশি বাংলাদেশের স্বার্থ সংরক্ষণের সুযোগ সৃষ্টি হয়। যেমন, মাননীয় প্রধানমন্ত্রী জাতিসংঘ অধিবেশনের সময় অসংখ্য সাইড লাইনের ইভেন্টে কো-চেয়ার/অংশগ্রহণ করেন যা তাঁর নেতৃত্বের প্রতি বিশ্বনেতাদের গভীর আস্থার প্রতীক। অন্যদিকে, বাংলাদেশে বিদেশী সরকার ও রাষ্ট্রপ্রধান/বিশিষ্ট ব্যক্তিবর্গের/সংস্থার প্রতিনিধির সফরও অত্যন্ত গুরুত্বপূর্ণ। | বহুপাক্ষিক/ আঞ্চলিক অনুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয় এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | আয়োজিত সফরের সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| | [২.৭.২] প্রস্তুতকৃত ডকুমেন্ট | বহুপাক্ষিক ও আঞ্চলিক ফোরামে সরকার ও রাষ্ট্রপ্রধান/বিশিষ্ট ব্যক্তিবর্গের/ সংস্থার প্রতিনিধির সফরের সময় ডকুমেন্ট প্রস্তুতকরণ একটি অত্যাবশ্যকীয় কাজ, যা বাংলাদেশের সক্রিয় এবং নেতৃত্বস্থানীয় ভূমিকা এবং স্বার্থ সংরক্ষণের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। | বহুপাক্ষিক/ আঞ্চলিক অনুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয় এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | প্রস্তুতকৃত ডকুমেন্টস-এর সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [২.৮] বহুপাক্ষিক, আন্তর্জাতিক ও আঞ্চলিক ইস্যুতে/ সভা, সেমিনার ইত্যাদিতে অংশগ্রহণের জন্য বাংলাদেশের পজিশন পেপার, ব্রিফ, ইন্টারভেনশন, বাচ্যাবলী, বক্তৃতা, পত্র, শুভেচ্ছা বার্তা ইত্যাদি প্রস্তুতকরণ | [২.৮.১] প্রস্তুতকৃত পজিশন পেপার, ইন্টারভেনশন, ব্রিফ, বাচ্যাবলী, বক্তৃতা, পত্র, শুভেচ্ছা বার্তা ইত্যাদি | বহুপাক্ষিক ও আঞ্চলিক ইস্যুতে অনুষ্ঠিত সভা/সেমিনারে বাংলাদেশের পজিশন পেপার/ব্রিফ/ ইন্টারভেনশন/ বাচ্যাবলী/বক্তৃতা সঠিকভাবে উপস্থাপনের মাধ্যমে বাংলাদেশের স্বার্থসংরক্ষণ ও অবস্থান সঠিকভাবে তুলে ধরা হয়। | বহুপাক্ষিক/ আঞ্চলিক অনুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয় এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | প্রস্তুতকৃত পজিশন পেপার, ব্রিফ, ইন্টারভেনশন, বাচ্যাবলী, বক্তৃতা, পত্র, শুভেচ্ছা বার্তা ইত্যাদির সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [২.৯] আঞ্চলিক/ আন্তর্জাতিক বিভিন্ন সংস্থায় চাঁদা/অনুদান প্রদান/প্রদানের বিষয়ে সমন্বয় সাধন | [২.৯.১] চাঁদা/ অনুদান প্রদানকৃত সংস্থার সংখ্যা | বিভিন্ন আঞ্চলিক/আন্তর্জাতিক সংস্থায় চাঁদা প্রদান, উক্ত সংস্থায় সদস্যপদ ধরে রাখা এবং কখনও কখনও ভোটাধিকার সংরক্ষণের পূর্বশর্ত। | বহুপাক্ষিক/ আঞ্চলিক অনুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয় | চাঁদা/ অনুদান প্রদানকৃত সংস্থার সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [২.১০] বিদেশে/ বাংলাদেশে বহুপাক্ষিক/ আঞ্চলিক বিভিন্ন সেমিনার/কনফারেন্স /সভা/প্রশিক্ষণ আয়োজন/ অংশগ্রহণের জন্য আন্তঃমন্ত্রণালয়/ বিভাগ/সংস্থার সাথে সমন্বয় সাধন | [২.১০.১] আন্তঃমন্ত্রণালয়/ বিভাগ/সংস্থার সাথে সমন্বয় সংক্রান্ত কার্যাবলী (ভার্চুয়ালসহ) | বাংলাদেশ সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ/সংস্থার সাথে দেশে ও বিদেশে আয়োজিত/অনুষ্ঠিত বহুপাক্ষিক/আঞ্চলিক বিভিন্ন সেমিনার/কনফারেন্স /সভা/ প্রশিক্ষণ কার্যক্রমের জন্য আন্তঃমন্ত্রণালয় সমন্বয় সাধন একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রক্রিয়া, যার ব্যত্যয় ঘটলে বাংলাদেশের ভাবমূর্তি প্রশ্নবিদ্ধ হতে পারে। | বহুপাক্ষিক/ আঞ্চলিক অনুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | আন্তঃমন্ত্রণালয়/ বিভাগ/সংস্থার সাথে সমন্বয় সংক্রান্ত কার্যাবলীর (ভার্চুয়ালসহ) সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [২.১১] দেশে/বিদেশে টেকসই উন্নয়ন অভীষ্ট সংক্রান্ত বিভিন্ন সভা/সেমিনার/ আলোচনা/কর্মশালা/ প্রশিক্ষণ আয়োজন ও সক্রিয় অংশগ্রহণ | [২.১১.১] আয়োজনকৃত/ অংশগ্রহণকৃত আলোচনা/ সভা/সেমিনার ও কর্মশালা/ প্রশিক্ষণ (ভার্চুয়ালসহ) | টেকসই উন্নয়ন অভীষ্ট সংক্রান্ত দেশে/ বিদেশে বিভিন্ন আন্তর্জাতিক ও আঞ্চলিক ফোরামে বাংলাদেশের সক্রিয়, নেতৃত্বশীল এবং সফল অংশগ্রহণ নিশ্চিতকরণের লক্ষ্যে সভা/সেমিনার/ আলোচনা/কর্মশালা /প্রশিক্ষণ আয়োজনের পাশাপাশি বিভিন্ন পর্যায়ের কর্মকর্তারা এসব ফোরামে সক্রিয় অংশগ্রহণ করে থাকেন। | বহুপাক্ষিক অর্থনৈতিক বিষয়াবলী অনুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয়, বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | আয়োজিত/ অংশগ্রহণকৃত আলোচনা/ সভা/সেমিনার/ কর্মশালা /প্রশিক্ষণের সংখ্যা (ভার্চুয়ালসহ) | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৩.১] বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে ই-পাসপোর্ট প্রদান কার্যক্রম সম্প্রসারণ | [৩.১.১] কার্যক্রম চালুকৃত মিশন | ICAO এর হিসাব মতে জাতিসঙ্ঘসহ একশতটি দেশ ইতোমধ্যে স্ব-স্ব নাগরিকদের/প্রতিনিধিদের ই-পাসপোর্ট প্রদান কার্যক্রম সম্পন্ন করেছে, যা প্রচলিত পাসপোর্টে বাড়তি নিরাপত্তা স্তর তৈরী করতে সক্ষম। আন্তর্জাতিক ভ্রমনের বিধি প্রতিপালনে পররাষ্ট্র মন্ত্রণালয় বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে ই-পাসপোর্ট প্রদান কার্যক্রম চালু করার উদ্যোগ নিয়েছে, যা কোভিড-১৯ পরিস্থিতির সাথে সামঞ্জস্য বজায় রেখে ধারাবাহিকভাবে সম্পন্ন করা হবে। | কনসুলার অনুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয়, বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং পাসপোর্ট অধিদপ্তর | ই-পাসপোর্ট কার্যক্রম চালুকৃত মিশনের সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৩.২] দাখিলকৃত আবেদন অনুযায়ী ডকুমেন্ট সত্যায়ন, কূটনৈতিক পাসপোর্ট/ সার্ক স্টিকার ইস্যুকরণ ও অন্যান্য কনস্যুলার সেবা প্রদান | [৩.২.১] পুলিশ ক্লিয়ারেন্স, শিক্ষাগত সনদ ও অন্যান্য সনদ সত্যায়ন | বর্তমানে পররাষ্ট্র মন্ত্রণালয়, বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ দাখিলকৃত আবেদন অনুয়ায়ী সত্যায়ন, প্রদানকাল এক দিনে নামিয়ে আনার জন্য কাজ করে যাচ্ছে। | কনসুলার অনুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয়, বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | আবেদনের পর সেবা প্রদানের মধ্যবর্তী সময় (দিন) ও সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| | [৩.২.২] সার্ক স্টিকার ও নোট ভার্বাল প্রদান | বর্তমানে পররাষ্ট্র মন্ত্রণালয়, SAARC Sticker ইস্যুকরণ ও নোট ভার্বাল প্রদান করতে দক্ষতা বৃদ্ধির মাধ্যমে দুই দিনে নামিয়ে আনার জন্য কাজ করে যাচ্ছে। | কনসুলার অনুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয় | আবেদনের পর সেবা প্রদানের মধ্যবর্তী সময় (দিন) | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| | [৩.২.৩] কূটনৈতিক পাসপোর্ট | বর্তমানে পররাষ্ট্র মন্ত্রণালয়, কূটনৈতিক পাসপোর্ট ইস্যুকরণের সংখ্যা দ্রুততার সাথে সম্পন্ন করার লক্ষ্যে কাজ করে যাচ্ছে। | কনসুলার অনুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয় | কূটনৈতিক পাসপোর্টের সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৩.৩] প্রবাসী বাংলাদেশীদের মৃতদেহ প্রত্যাবাসন | [৩.৩.১] দাখিলকৃত আবেদন | মানব পাচারের শিকার বাংলাদেশি নাগরিকদের দ্রুততম সময়ে নিরাপদে দেশে ফিরিয়ে আনতে সরকারের বলিষ্ঠ কূটনৈতিক কার্যক্রম আন্তর্জাতিক পর্যায়ে প্রশংসিত হয়েছে। পাশাপাশি পররাষ্ট্র মন্ত্রণালয় প্রবাসী বাংলাদেশীদের মৃতদেহ দেশে ফিরিয়ে আনার ব্যাপারে নিয়মিতভাবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সহযোগিতা ও সমন্বয়ের মাধ্যমে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করে যাচ্ছে। | কনসুলার (ওয়েল ফেয়ার) অনুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড | আবেদনের পর সেবা প্রদানের শতকরা হার | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৪.১] দেশে ও বিদেশে কূটনৈতিক প্রতিনিধি নিয়োগ সংক্রান্ত কার্যাবলী সম্পাদন এবং কূটনৈতিক প্রতিনিধিত্ব সম্প্রসারণ | [৪.১.১] রাষ্ট্রদূত/ হাইকমিশনার, অনারারী কনসাল/ এটাশে নিয়োগ সংক্রান্ত কার্যাবলী/নতুন মিশন/ অনারারী কনস্যুলেট স্থাপনের জন্য গৃহীত কার্যক্রম | বর্হিবিশ্বে বাংলাদেশের কূটনৈতিক উপস্থিতি ও তৎপরতা অধিকতর দৃশ্যমান করার লক্ষ্যে পররাষ্ট্র মন্ত্রণালয় মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে বিশ্বের বিভিন্ন গুরুত্বপূর্ণ দেশে নতুন নতুন মিশন স্থাপনের উদ্যোগ গ্রহণ করে। এ প্রেক্ষিতে দেশে ও বিদেশে বিভিন্ন পর্যায়ের কূটনৈতিক প্রতিনিধি নিয়োগ এবং কূটনৈতিক প্রতিনিধিত্ব সম্প্রসারণের মাধ্যমে বিভিন্ন রাষ্ট্রের সাথে দ্বিপাক্ষিক রাজনৈতিক, কূটনৈতিক, অর্থনৈতিক, বাণিজ্যিক সম্পর্ক নিবিড়করণ ও আন্তঃযোগাযোগ সম্প্রসারিত হয়। | প্রশাসন ও রাষ্ট্রাচার অণুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়, জনপ্রশাসন মন্ত্রণালয় এবং অর্থ মন্ত্রণালয় | কূটনৈতিক প্রতিনিধি নিয়োগ/নতুন মিশন স্থাপনের জন্য গৃহীত কার্যক্রমের সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৪.২] বাংলাদেশের আকাশসীমা ব্যবহার করে উড্ডয়ন/ অবতরণের জন্য বিশেষ (চার্টার্ড) সহ ফ্লাইট সমূহের কূটনৈতিক ছাড়পত্র প্রদান | [৪.২.১] অনুমোদিত ফ্লাইট | আন্তর্জাতিক রীতি অনুযায়ী বাংলাদেশের আকাশসীমা ব্যবহার করে উড্ডয়ন/ অবতরণের জন্য বিশেষ (চার্টার্ড) ফ্লাইট সহ ফ্লাইট সমূহের কূটনৈতিক ছাড়পত্র প্রদানে সমন্বয় করা হয়। | রাষ্ট্রাচার অণুবিভাগ,পররাষ্ট্র মন্ত্রণালয় | অনুমোদিত ফ্লাইটের সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৪.৩] বাংলাদেশে অবস্থিত বিদেশি মিশনসমূহকে কূটনৈতিক সুবিধাদি প্রদান | [৪.৩.১] প্রদানকৃত ডিপ্লোমেটিক/ নন-ডিপ্লোমেটিক ভিসা/ডিপ্লোমেটিক পরিচয়পত্র | বিদেশী কূটনীতিকসহ স্থানীয় নন-ডিপ্লোমেটিক অফিসার/স্টাফদের ভিসা/ ডিপ্লোমেটিক পরিচয় পত্র প্রদান রাষ্ট্রাচার সংক্রান্ত একটি অন্যতম কাজ। এতে আন্তর্জাতিক রীতি নীতি অনুসরনের পাশাপাশি আভ্যন্তরীণ নিয়ম কানুন প্রতিপালন করতে হয়। | রাষ্ট্রাচার অণুবিভাগ,পররাষ্ট্র মন্ত্রণালয় | প্রদানকৃত ভিসা/ পরিচয় পত্রের সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| | [৪.৩.২] অনুমোদিত/ সমন্বয়কৃত বিদেশী কূটনীতিকদের অভ্যন্তরীণ/ স্থানীয় সফর | বিদেশী কূটনীতিকদের অভ্যন্তরীন/স্থানীয় সফরের সময় তাদের নিরাপত্তার পাশাপাশি অনুষ্ঠানের ধরন অনুযায়ী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের সাথে সার্বিক সমন্বয় করা হয়। | রাষ্ট্রাচার অণুবিভাগ,পররাষ্ট্র মন্ত্রণালয় | অনুমোদিত/ সমন্বয়কৃত সফরের সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদ |
| [৪.৪] রাষ্ট্রীয়/ বিদেশী/অন্যান্য বিশিষ্ট অতিথিবৃন্দের/ কূটনীতিবিদদের সম্মানে ভোজের আয়োজন | [৪.৪.১] আয়োজিত ভোজ | বিদেশী ভিভিআইপি/বিশিষ্ট অতিথিবৃন্দের পাশাপাশি গণ্যমাণ্য রাষ্ট্রীয় /অন্যান্য অতিথিবৃন্দের জন্য মধ্যাহ্ন/ নৈশভোজের আয়োজন আন্তর্জাতিক কূটনীতির একটি বিশেষ রীতি নীতি। কোন রাষ্ট্রীয় প্রতিনিধিদলের সৌজন্যেও এ ধরনের আয়োজন করা হয়ে থাকে। আবার কোন রাষ্ট্রদূত/হাইকমিশনার তার কর্মকাল শেষে যখন বিদায় নেন, তার আগেও তাঁদের সম্মানে ফেয়ার ওয়েল মধ্যাহ্ন/নৈশভোজের আয়োজন করা হয়ে থাকে। এটি পররাষ্ট্র মন্ত্রনালয়ের রাষ্ট্রাচার সংক্রান্ত বিশেষ কার্যক্রম। | রাষ্ট্রাচার অণুবিভাগ,পররাষ্ট্র মন্ত্রণালয় | আয়োজিত ভোজের সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৫.১] অর্থনৈতিক সহযোগিতা সংক্রান্ত দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক আলোচনা/বৈঠক আয়োজন/ অংশগ্রহণ | [৫.১.১] আয়োজিত/ অংশগ্রহণকৃত আলোচনা/ বৈঠক (ভার্চুয়াল সহ) | পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ অর্থনৈতিক সহযোগিতা সংক্রান্ত দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক আলোচনায় অংশগ্রহণ করে থাকে। এছাড়া, বিষয় সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রতিনিধিরাও অংশগ্রহণ করেন। এতে বিভিন্ন দেশের সঙ্গে অর্থনৈতিক সহযোগিতা চুক্তিও স্বাক্ষর করে থাকে বাংলাদেশ। উক্ত চুক্তির বিষয়ে অনেক সময় সংশ্লিষ্ট মন্ত্রণালয় প্রয়োজনীয় তথ্য-উপাত্ত দিয়ে সহযোগিতা করে থাকে। | বহুপাক্ষিক অর্থনৈতিক বিষয়াবলী অনুবিভাগ, দ্বি-পাক্ষিক অনুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয় এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | আয়োজিত/ অংশগ্রহণকৃত আলোচনা/ বৈঠকের (ভার্চুয়াল সহ) সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৫.২] বিদেশে বাংলাদেশের পণ্য রপ্তানি ও শ্রমবাজার সম্প্রসারণে সহায়তা ও বাংলাদেশে বিনিয়োগে আকৃষ্টকরণ | [৫.২.১] আয়োজিত/ অংশগ্রহণকৃত সভা/সেমিনার/ মেলা, সরকারি/ বেসরকারি বিজনেস চেম্বার প্রতিনিধির সাথে বৈঠক/সভা (ভার্চুয়াল সহ) | বাংলাদেশের সাথে সংশ্লিষ্ট দেশের বাণিজ্য ও বিনিয়োগ বৃদ্ধিতে ও শ্রমবাজার সম্প্রসারণে স্বাগতিক দেশের সরকারী কর্মকর্তা এবং বিজনেস/চেম্বার প্রতিনিধির সাথে বৈঠক/সভা আয়োজন আয়োজন করা হয়। | বহুপাক্ষিক অর্থনৈতিক বিষয়াবলী অনুবিভাগ, আন্তর্জাতিক বাণিজ্য, বিনিয়োগ ও প্রযুক্তি বিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয়, বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | আয়োজিত সভা/বৈঠক/ সেমিনার/মেলার সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৫.৩] অর্থনৈতিক সহযোগিতা সংক্রান্ত দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক আলোচনা/বৈঠকের জন্য পজিশন পেপার, ব্রিফ, ইন্টারভেনশন, ইত্যাদি প্রস্তুতকরণ | [৫.৩.১] প্রস্তুতকৃত আলোচনা/ বৈঠকের জন্য পজিশন পেপার, ইন্টারভেনশন, ব্রিফ, ইত্যাদি | বিভিন্ন সভা/সেমিনারে পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধিদের কার্যকর অংশগ্রহণ, সংশ্লিষ্ট বিষয়ে বাংলাদেশের অবস্থান তুলে ধরা এবং বাংলাদেশের অবস্থানের প্রতিফলন নিশ্চিত করার লক্ষ্যে ডকুমেন্টে অর্থাৎ পজিশন পেপার, ব্রিফ, ইন্টারভেনশন ইত্যাদি তৈরী করা হয়ে থাকে। | বহুপাক্ষিক অর্থনৈতিক বিষয়াবলী অনুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয়, বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | প্রস্তুতকৃত পজিশন পেপার, ইন্টারভেনশন ব্রিফ,ইত্যাদির সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৫.৪] বাংলাদেশের মহীসোপানের ন্যায্য প্রাপ্যতা নিশ্চিতকরণে আইনী দলিল প্রস্তুতকরণ, মুদ্রণ ও জাতিসংঘের কমিশন অন দ্য লিমিটস অফ দি কন্টিনেন্টাল শেলফ (CLCS) -এ পেশ সংক্রান্ত কার্যক্রম পরিচালনা ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ | [৫.৪.১] আয়োজিত/ অংশগ্রহণকৃত সেশন | জাতিসংঘের CLCS-এ বাংলাদেশের মহীসোপান দাবী পেশ সংক্রান্ত পূর্ণ প্রস্তুতি গ্রহণ এবং এ দাবীর স্বপক্ষে প্রয়োজনীয় তথ্য ও উপাত্ত উপস্থাপন ও যথাযথ ব্যাখ্যা-বিশ্লেষণ প্রস্তুত করার নিমিত্ত দেশি এবং বিদেশি বিশেষজ্ঞগণের সমন্বয়ে "বাংলাদেশের মহীসোপানে দাবী সংক্রান্ত টীম" কাজ কওরে যাচ্ছে। মহীসোপানের বাংলাদেশের দাবী প্রস্তুতি প্রায় শেষ পর্যায়ে রয়েছে এবং এ বছর জাতিসংঘের CLCS- এ পেশ করা হবে বলে আশা করা যায়। | মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট,পররাষ্ট্র মন্ত্রণালয় | আয়োজিত/ অংশগ্রহণকৃত সেশনের সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৫.৫] ব্লু ইকোনমি সেক্টরসমূহের উন্নয়ন এবং বাংলাদেশের সমুদ্রসীমায় বিদ্যমান সম্পদ আহরণ, সংরক্ষণ ও জীববৈচিত্র্যের টেকসই ব্যবহারের বিষয়ে প্রয়োজনীয় সমন্বয় সাধন | [৫.৫.১] সুনীল অর্থনীতি কর্মপরিকল্পনা (২০২১-২০৩০) বাস্তবায়ন ও পরিবীক্ষণ এবং এ সংক্রান্ত কনফারেন্স, সভা, সেমিনার,কর্মশালা, প্রশিক্ষণ কর্মসূচী আয়োজন এবং অংশগ্রহন | মাননীয় প্রধানমন্ত্রীর সদয় দিকনির্দেশনায় পররাষ্ট্র মন্ত্রণালয় সুনীল অর্থনীতি'র সম্ভাবনাময় ক্ষেত্রসমূহে বাংলাদেশের পরবর্তী করনীয় নির্ধারনে একটি 'সুনীল অর্থনীতি উন্নয়ন বিষয়ক কর্মপরিকল্পনা' প্রনয়ন করেছে। এর বাস্তবায়ন এবং পরিবীক্ষণে প্রয়োজনীয় কনফারেন্স/সভা/ সেমিনার/কর্মশালা/প্রশিক্ষন কর্মসূচি আয়োজন/কর্মসূচিতে অংশগ্রহণের মাধ্যমে ব্লু ইকোনমি বিষয়ে সম্যক জ্ঞান অর্জন ও এ বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধির সুযোগ রয়েছে। | মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট,পররাষ্ট্র মন্ত্রণালয় | আয়োজিত/ অংশগ্রহণকৃত কনফারেন্স/ সভা/সেমিনার/ কর্মশালা/ প্রশিক্ষন কর্মসূচীর সংখ্যা | পররাষ্ট মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৫.৫] ব্লু ইকোনমি সেক্টরসমূহের উন্নয়ন এবং বাংলাদেশের সমুদ্রসীমায় বিদ্যমান সম্পদ আহরণ, সংরক্ষণ ও জীববৈচিত্র্যের টেকসই ব্যবহারের বিষয়ে প্রয়োজনীয় সমন্বয় সাধন | [৫.৫.২] অন্যান্য রাষ্ট্র ও সংস্থার সাথে সহযোগিতা স্থাপন, সমঝোতা স্মারক স্বাক্ষর, এ বিষয়ক পলিসি পেপার প্রণয়ন ইত্যাদি | বাংলাদেশের সমুদ্রসীমায় বিদ্যমান সম্পদ ও জীববৈচিত্র্যের টেকসই ব্যবহার এবং সংরক্ষণ নিশ্চিতকরণের স্বার্থে অন্যান্য রাষ্ট্র ও সংস্থার সাথে সহযোগিতা স্থাপন, সমঝোতা স্মারক স্বাক্ষর, এ বিষয়ক পলিসি পেপার প্রণয়ন সহায়ক ভূমিকা রাখতে পারে। | মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট,পররাষ্ট্র মন্ত্রণালয় | প্রণয়নকৃত পলিসি পেপারের সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| | [৫.৫.৩] জীব বৈচিত্র্যের টেকসই ব্যবহার ও সংরক্ষণের বিষয়ে আন্তর্জাতিক আইনি দলিলসমূহ প্রস্তুতকরণের মাধ্যমে বাংলাদেশের স্বার্থ সংরক্ষণ | জাতিসংঘে অনুষ্ঠিত বিভিন্ন সভায় সক্রিয় অংশগ্রহণ এবং আন্তর্জাতিক আইনি দলিলসমূহ প্রস্তুতকরণের মাধ্যমে রাষ্ট্রীয় এখতিয়ারবহির্ভূত সমুদ্রাঞ্চলের পরিবেশগত ভারসাম্য নিশ্চিতকরণ, জীববৈচিত্র্যের টেকসই ব্যবহার ও সংরক্ষণে সহায়ক ভূমিকা পালন করবে। | মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট,পররাষ্ট্র মন্ত্রণালয় | অংশগ্রহণকৃত সভার সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৫.৬] আন্তর্জাতিক এবং আঞ্চলিক সংস্থাসমূহের সহযোগিতায় আনক্লজ-১৯৮২ বাস্তবায়ন এবং ব্লু-ইকোনমি সংক্রান্ত সক্ষমতা বৃদ্ধি | [৫.৬.১] সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রণালয়ের কর্মকর্তাদের অংশগ্রহণকৃত বিভিন্ন কর্মশালা ও প্রশিক্ষণ কর্মসূচী | জাতিসংঘ সমুদ্র আইন বিভাগ, ইন্টারন্যাশনাল সী-বেড অথরিটি, আইওসি-ইউনেস্কো, IORA' সহ বিভিন্ন সংস্থা কর্তৃক আয়োজিত কর্মশালা/ প্রশিক্ষন কর্মসূচীতে অংশগ্রহণের মাধ্যমে জাতিসংঘ সমুদ্র আইন কনভেনশন (আনক্লজ-১৯৮২) বাস্তবায়ন এবংব্লু-ইকোনমি সংশ্লিষ্ট বিষয়ে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/ দপ্তরের কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধি করা যেতে পারে। | মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট,পররাষ্ট্র মন্ত্রণালয় | অংশগ্রহণকৃত কর্মশালা/ প্রশিক্ষণ কর্মসূচীর সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৫.৭] বিদেশী জাহাজে কর্মরত বাংলাদেশি সী-ফেরারদের আন্তর্জাতিক আইন অনুযায়ী প্রাপ্য সুযোগ-সুবিধা নিশ্চিতকরণে ব্যবস্থা গ্রহণ | [৫.৭.১] এ সংক্রান্ত সমন্বয় সভা/ বৈঠকে অংশগ্রহণ ও বিদেশী রাষ্ট্রের সাথে কূটনৈতিক যোগাযোগ | বিদেশী জাহাজে কর্মরত বাংলাদেশি সী-ফেরারদের আন্তর্জাতিক আইন অনুযায়ী বাংলাদেশে প্রত্যার্পনের বিষয়ে সার্বিক সহায়তা প্রদানের মাধ্যমে প্রাপ্য সুযোগ-সুবিধা নিশ্চিত করা যেতে পারে। | মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট,পররাষ্ট্র মন্ত্রণালয় | গৃহীত ব্যবস্থার সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৬.১] পররাষ্ট্র মন্ত্রণালয় এবং বিদেশস্থ বাংলাদেশ মিশন সমূহের কার্যক্রমভিত্তিক মাসিক প্রকাশনা 'এফওবিএন' প্রকাশ | [৬.১.১] প্রকাশনা (অনলাইনসহ) | সার্বিক জনকূটনীতি পরিচালনার লক্ষ্যে মাসিক প্রকাশনা এফওবিএন (ফরেন অফিস ব্রিফিং নোটস) ও অন্যান্য প্রকাশনার মাধ্যমে পররাষ্ট্র মন্ত্রণালয়, নিয়মিতভাবে বিশ্বপরিমন্ডলে অসাম্প্রদায়িক, গণতান্ত্রিক ও প্রগতিশীল রাষ্ট্র হিসেবে বাংলাদেশের ভাবমূর্তি সমুন্নতকরণে প্রচেষ্টা করে যাচ্ছে। | বহিঃ প্রচার অনুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয় | প্রকাশনার (অনলাইনসহ) সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৬.২] অন্যান্য প্রকাশনা সম্পাদনা ও মুদ্রণ/ ডিজিটাল প্রকাশনা/ Diplomatic Corps প্রকাশনা | [৬.২.১] প্রকাশনা (অনলাইনসহ) | সার্বিক জনকূটনীতি পরিচালনার লক্ষ্যে, পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের "অসমাপ্ত আত্মজীবনী" গ্রন্থটি ১৩টি ভাষায় অনুবাদ ও প্রকাশ করা হয়েছে। এছাড়া, বঙ্গবন্ধুর আত্মজীবনীমূলক গ্রন্থ (২য় খন্ড) 'কারাগারের রোজনামচা' ৩টি ভাষায় অনুবাদ, মুদ্রণ ও প্রকাশনার কাজ চলমান রয়েছে। এ সকল প্রকাশনায় সার্বিক সমন্বয় সাধন করা হয়েছে। এছাড়া, কূটনৈতিক মিশন ও আন্তর্জাতিক সংস্থার গুরুত্বপূর্ণ তথ্যসংবলিত "Diplomatic Corps" প্রকাশনাসহ বিভিন্ন প্রকাশনা পররাষ্ট্র মন্ত্রণালয়ের গুরুত্বপূর্ণ কার্যক্রমের অংশ। | বহিঃ প্রচার অনুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয় | প্রকাশনার (অনলাইনসহ) সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৬.৩] ঢাকায় অবস্থিত বিভিন্ন দেশের কূটনৈতিক মিশন ও আন্তর্জাতিক সংস্থা সমূহের নিকট সরকারের গৃহীত কার্যক্রম ও বিভিন্ন বিষয়ে অবস্থান তুলে ধরা/মন্ত্রণালয় ও মিশন থেকে প্রাপ্ত প্রেস রিলিজ মিডিয়ায় প্রেরণ | [৬.৩.১] আয়োজিত কূটনৈতিক ব্রিফিং/ প্রেস রিলিজ | মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী বাংলাদেশ ও দেশের সরকারের বিরুদ্ধে স্বার্থান্বেষী মহলের বিশ্বব্যাপী বিভিন্ন অপপ্রচার রোধে পররাষ্ট্র মন্ত্রণালয় সদা সতর্ক ও তৎপর ভূমিকা পালন করে আসছে। ঢাকায় অবস্থিত বিভিন্ন দেশের কূটনৈতিক মিশন এবং আন্তর্জাতিক সংস্থাসমূহের নিকট বাংলাদেশ সরকারের উজ্জ্বল ভাবমূর্তি তুলে ধরতে পররাষ্ট্র মন্ত্রণালয় নিয়মিতভাবে কূটনৈতিক ব্রিফিং-এর আয়োজন এবং প্রেস রিলিজ দিয়ে থাকে। | বহিঃ প্রচার অনুবিভাগ ও রাষ্ট্রাচার অণুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয় | আয়োজিত কূটনৈতিক ব্রিফিং/ প্রেস রিলিজের সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৬.৪] মুজিববর্ষ পালন ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপন | [৬.৪.১] বিশেষ প্রকাশনা/ক্রোড়পত্র ও ডিজিটাল প্রকাশনা | বিশেষ প্রকাশনা ও ক্রোড়পত্রের মাধ্যমে বাংলাদেশের স্বাধীনতা ও বাঙালি জাতির ন্যায্য অধিকার ও সম্মান অর্জনে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবদান ও তাঁর সংগ্রামী রাজনৈতিক জীবন বিশ্বাঙ্গনে তুলে ধরা হবে। | বঙ্গবন্ধু জন্মশত বার্ষিকী সেল, পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ মিশনসমূহ | প্রকাশনার সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| | [৬.৪.২] সেমিনার, কনফারেন্স/ শিশুদের অনুষ্ঠান/ অন্যান্য অনুষ্ঠান/ ভার্চুয়াল অনুষ্ঠান আয়োজন | দেশে ও বিদেশে সেমিনার, কনফারেন্স, শিশুদের অনুষ্ঠানসহ অন্যান্য অনুষ্ঠান/ ভার্চুয়াল অনুষ্ঠান আয়োজনের মাধ্যমে বাংলাদেশের অভ্যুদয় ও এর নেপথ্যে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সংগ্রামী অবদান তুলে ধরা হবে যা আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের মহিমান্বিত ও গৌরবোজ্জ্বল ইতিহাসকে প্রতিফলিত করবে। | বঙ্গবন্ধু জন্মশত বার্ষিকী সেল, পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ মিশনসমূহ | আয়োজিত সেমিনার, কনফারেন্স/ অনুষ্ঠান (ভার্চুয়ালসহ) | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৬.৪] মুজিববর্ষ পালন ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপন | [৬.৪.৩] বিদেশী রাষ্ট্র/সরকার প্রধান/ গণ্যমান্য অতিথিদের অংশগ্রহণ/বার্তা প্রেরণ /ভিডিও বার্তা প্রেরণ | বঙ্গবন্ধুর নীতি ও আদর্শকে বিশ্বব্যাপী ছড়িয়ে দেয়া এবং বাংলাদেশের সাথে বন্ধুপ্রতিম দেশের সম্পর্ককে আরও সুদৃঢ় করার লক্ষ্যে বিদেশী রাষ্ট্র/ সরকার প্রধাণ/ গণ্যমান্য অতিথিদের অংশ গ্রহণ/বার্তা প্রেরণের কাজ সমন্বয় করা হবে। | বঙ্গবন্ধু জন্মশত বার্ষিকী সেল, পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ মিশনসমূহ | বার্তার সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| | [৬.৪.৪] স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপন উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠান/ কার্যক্রম/ অনলাইন ভিত্তিক কার্যক্রম/ অনুষ্ঠান | স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপন উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠান/ কার্যক্রম/ বাংলাদেশের স্বাধীনতা ও বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবদানকে তুলে ধরবে। পাশাপাশি বন্ধুরাষ্ট্রের নবীন প্রজন্মের কাছেও বিশ্বনেতা হিসেবে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে তুলে ধরবে। | বঙ্গবন্ধু জন্মশত বার্ষিকী সেল, পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ মিশনসমূহ | আয়োজিত অনুষ্ঠান/ কার্যক্রমের (অনলাইনসহ) সংখ্যা | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের কার্যালয় এর নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় / বিভাগ | সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | কার্যক্রম চালুকৃত মিশন | ই-পাসপোর্ট প্রদান কার্যক্রম চালু সংক্রান্ত যাবতীয় অবকাঠামোগত এবং কারিগরি সহায়তা প্রদান। বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ হতে প্রেরিত তথ্য যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে মুদ্রিত করে প্রবাসী বাংলাদেশীদের পাসপোর্ট প্রদান। | ই-পাসপোর্ট সংক্রান্ত তথ্যসমূহ মিশনে ডাটা এন্ট্রি দেয়ার পর পাসপোর্ট বিষয়ক অধিদপ্তর-এর মূল সার্ভারে চলে যাবে। পাসপোর্ট অধিদপ্তর থেকে ই-পাসপোর্ট মুদ্রিত হয়ে মিশনে পৌছাবে। পাসপোর্ট মুদ্রণের সময় মিশন সমূহকে সম্পূর্ণভাবে পাসপোর্ট অধিদপ্তরের উপর নির্ভর করতে হবে। | বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে ই-পাসপোর্ট প্রদান কার্যক্রম চালু করা বাধাগ্রস্ত হওয়ার পাশাপাশি পাসপোর্ট প্রদানে বিলম্ব ও প্রবাসী বাংলাদেশীদের ভোগান্তি হবে। |
| মন্ত্রণালয় / বিভাগ | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | আয়োজিত/ অংশগ্রহণকৃত সভা/সেমিনার/ মেলা, সরকারি/ বেসরকারি বিজনেস চেম্বার প্রতিনিধির সাথে বৈঠক/সভা (ভার্চুয়াল সহ) | বিদ্যমান শ্রমবাজার সুসংহতকরণের পাশাপাশি নতুন শ্রমবাজার অন্বেষণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ। | বিদেশে প্রবাসী বাংলাদেশীদের জন্য কর্মসংস্থান সৃষ্টির দায়িত্ব প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের। | বিদেশে প্রবাসী বাংলাদেশীদের জন্য শ্রমবাজার সম্প্রসারণ তথা কর্মসংস্থানের সুযোগ হতে বঞ্চিত হওয়ার আশংকা রয়েছে। কোভিড-১৯ পরবর্তী পরিস্থিতিতে তা আরও প্রকট হতে পারে। |
| মন্ত্রণালয় / বিভাগ | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | দাখিলকৃত আবেদন | প্রবাসী বাংলাদেশীদের মৃতদেহ প্রত্যাবাসন দ্রুততর করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ। | প্রবাসী বাংলাদেশীদের মৃতদেহ প্রত্যাবাসনের বিষয়টি স্পর্শকাতর বিধায় মানবিকতার সাথে দ্রুততর করার জন্য সংশ্লিষ্ট সকলের সময়োচিত ও যথাযথ উদ্যোগ গ্রহণ প্রয়োজন। | প্রবাসী বাংলাদেশীদের মৃতদেহ প্রত্যাবাসন দ্রুততর করা না গেলে প্রবাসী বাংলাদেশীদের ভোগান্তি হবে। |
| মন্ত্রণালয় / বিভাগ | সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | দাখিলকৃত আবেদন | প্রবাসী বাংলাদেশীদের মৃতদেহ প্রত্যাবাসন দ্রুততর করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ। | প্রবাসী বাংলাদেশীদের মৃতদেহ প্রত্যাবাসনের বিষয়টি স্পর্শকাতর বিধায় মানবিকতার সাথে দ্রুততর করার জন্য সংশ্লিষ্ট সকলের সময়োচিত ও যথাযথ উদ্যোগ গ্রহণ প্রয়োজন। | প্রবাসী বাংলাদেশীদের মৃতদেহ প্রত্যাবাসন দ্রুততর করা না গেলে প্রবাসী বাংলাদেশীদের ভোগান্তি হবে। |
| দপ্তর / সংস্থা | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড | দাখিলকৃত আবেদন | প্রবাসী বাংলাদেশীদের মৃতদেহ প্রত্যাবাসন দ্রুততর করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ। | প্রবাসী বাংলাদেশীদের মৃতদেহ প্রত্যাবাসনের বিষয়টি স্পর্শকাতর বিধায় মানবিকতার সাথে দ্রুততর করার জন্য সংশ্লিষ্ট সকলের সময়োচিত ও যথাযথ উদ্যোগ গ্রহণ প্রয়োজন। | প্রবাসী বাংলাদেশীদের মৃতদেহ প্রত্যাবাসন দ্রুততর করা না গেলে প্রবাসী বাংলাদেশীদের ভোগান্তি হবে। |
| মন্ত্রণালয় / বিভাগ | জনপ্রশাসন মন্ত্রণালয় | রাষ্ট্রদূত/ হাইকমিশনার, অনারারী কনসাল/ এটাশে নিয়োগ সংক্রান্ত কার্যাবলী/নতুন মিশন/ অনারারী কনস্যুলেট স্থাপনের জন্য গৃহীত কার্যক্রম | নতুন মিশন স্থাপনের জন্য পদ সৃষ্টিতে, জনবল বৃদ্ধিসহ সামগ্রিকভাবে সাংগঠনিক কাঠামো ও সরঞ্জাম তালিকা প্রণয়নে যথাসময়ে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদন প্রদান। | বিভিন্ন দেশের সাথে কূটনৈতিক সম্পর্ক স্থাপনের লক্ষ্যে নতুন মিশন স্থাপন এবং এর জন্য প্রয়োজন দক্ষ জনবল। নতুন মিশনে পদায়িত করার জন্য মন্ত্রণালয়ের জনবল বৃদ্ধি, মিশনে পদ সৃষ্টি, সর্বোপরি সাংগঠনিক কাঠামো ও সরঞ্জাম তালিকা প্রণয়নের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয় অর্থ মন্ত্রণালয় ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপর নির্ভরশীল। | বিভিন্ন দেশের সাথে কূটনৈতিক সম্পর্ক স্থাপন, কূটনৈতিক সৌহার্দ্য বৃদ্ধিকরণ বাধাগ্রস্ত হওয়ার পাশাপাশি বহির্বিশ্বে বাংলাদেশকে সঠিকভাবে তুলে ধরা সম্ভব হবে না। |

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় / বিভাগ | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | রাষ্ট্রদূত/ হাইকমিশনার, অনারারী কনসাল/ এটাশে নিয়োগ সংক্রান্ত কার্যাবলী/নতুন মিশন/ অনারারী কনস্যুলেট স্থাপনের জন্য গৃহীত কার্যক্রম | নতুন মিশন স্থাপনের জন্য পদ সৃষ্টিতে, জনবল বৃদ্ধিসহ সামগ্রিকভাবে সাংগঠনিক কাঠামো ও সরঞ্জাম তালিকা প্রণয়নে যথাসময়ে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদন প্রদান। | বিভিন্ন দেশের সাথে কূটনৈতিক সম্পর্ক স্থাপনের লক্ষ্যে নতুন মিশন স্থাপন এবং এর জন্য প্রয়োজন দক্ষ জনবল। নতুন মিশনে পদায়িত করার জন্য মন্ত্রণালয়ের জনবল বৃদ্ধি, মিশনে পদ সৃষ্টি, সর্বোপরি সাংগঠনিক কাঠামো ও সরঞ্জাম তালিকা প্রণয়নের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয় অর্থ মন্ত্রণালয় ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপর নির্ভরশীল। | বিভিন্ন দেশের সাথে কূটনৈতিক সম্পর্ক স্থাপন, কূটনৈতিক সৌহার্দ্য বৃদ্ধিকরণ বাধাগ্রস্ত হওয়ার পাশাপাশি বহির্বিশ্বে বাংলাদেশকে সঠিকভাবে তুলে ধরা সম্ভব হবে না। |